সহজ কথোপকথনে

# দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা

## প্রথম খণ্ড

## সহজ কথোপকথনের বাক্য গঠন

বিদ্যাচর্চা কেন্দ্রের পাঠ সংকলন

Sahaj Kathopokathane Dwitio Bhasha Hishabe Engreji Shekha
Pratham Khanda:  Sahaj Kathopokathaner Bakya Gathan

Learning English as a Second Language
Vol. I. Structure of Simple Sentences

Edited by: Sutanu Bhattacharya

First edition: January 2017
Revised Edition: March 2026

© Sutanu Bhattacharya

Published by:
Sutanu Bhattacharya
63/114B Prince Anwar Shah Road
Rhineview Flat 5B, Kolkata 700045, India
Phone: 9831943859
E-mail:sutnbh@gmail.com

Printed by:
Print-&-Bind
62A Baithakkhana Road, Sealdah
Kolkata 700009
Phone: 9830168575

All rights reserved. No part of this publication may be reproduced, stored in retrieval system, or transmitted, in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without the prior permission of the publisher and copyright owner.

This book is a compilation of the lessons that have been developed over the years since 2014 for its students at Phuldanga Vidyacharcha Kendra, Shyambati, Birbhum, West Bengal. Care has been taken not to violet any existing copyright or intellectual property right. If any copyright is inadvertently infringed, please notify the author/publisher for corrective action.

NOT FOR SALE

# কীভাবে ইংরেজি শেখা – এই বইয়ের পদ্ধতি

আজকাল শহরাঞ্চলে কিছু অবস্থাপন্ন ঘরে হয়তো ইংরেজিতে কথা বলার চল আছে। কিন্তু অন্যত্র, বিশেষত গ্রামাঞ্চলে ছবিটা একেবারেই অন্য। ইস্কুলের লেখাপড়ায় অবশ্যপাঠ্য ইংরেজি ভাষা অধিকাংশ স্কুলপড়ুয়া শিশুর কাছে একটা বিদেশি ভাষা – সে ভাষায় কথা শোনা, বলা বা বইপত্রে লেখা দেখার সুযোগ এই শিশুদের রোজকার জীবনে আদৌ নেই। মূলত এদের কথা ভেবেই এই বইয়ে ব্যবহার করা হয়েছে মাতৃভাষার মাধ্যমেই দ্বিতীয় একটি ভাষা হিসাবে ইংরেজি শেখার সহজ কথোপকথন পদ্ধতি।

দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা – এর অর্থ স্পষ্ট করে নেওয়া ভাল। ইংরেজ ঘরের শিশুরা মায়ের কোলে ও তার আশেপাশের মানুষজনের মাঝে ইংরেজিতে কথা শোনা ও বলার মধ্যে দিয়ে ভাষাটা শিখেই ফেলে। এইভাবে শেখা ইংরেজি তার মাতৃভাষা বা ফার্স্ট ল্যাঙ্গুয়েজ। অবশ্য, আক্ষরিক অর্থে শিশুর মাতৃভাষা ইংরেজি না হলেও ফার্স্ট ল্যাঙ্গুয়েজ হতেই পারে, যদি ইংরেজিতেই শিশুর প্রথম কথা শোনা ও বলা ঘটে মায়ের কোলে ও সে নিকটতম আত্মীয়স্বজন আর আশেপাশের মানুষজনের মাঝে শৈশবকালে সেই ভাষা-পরিবেশে বড় হয়। শিশু শৈশবকালে একাধিক ভাষাও রপ্ত করে ফেলতেই পারে কথোপকথনে শোনা-বলার পরিবেশে থাকলে । কিন্তু তার শেখা প্রথম ভাষাটির গুরুত্ব অসীম। এই ভাষার মাধ্যমেই গড়ে ওঠে তার অনুভূতি-চেতনার জগৎ, বুদ্ধি-বিবেচনা ও বিশ্লেষণ ক্ষমতা, বা কগনিটিভ স্কীল ।

ইংরেজিই যার ফার্স্ট ল্যাঙ্গুয়েজ তার তো মৌখিক ভাষাটা জানাই আছে। তাহলে তাকে ইংরেজি শেখানো বলতে কী বুঝব? বুঝব কথোপকথনে শেখা মৌখিক ভাষাকে এবার বর্ণপরিচয় করিয়ে পড়তে লিখতে শেখানো ও গদ্য-পদ্য পড়িয়ে লিখিয়ে, শব্দার্থ মুখস্থ করিয়ে ইংরেজি লেখাপড়ার ভাষায় সুশিক্ষিত বা লিটারেট করে তোলা। এ হল প্রথম কথোপকথনে শেখা মৌখিক ভাষাকে লেখাপড়ার ভাষায় শেখার পদ্ধতি। স্বভাবতই, এখানে ইংরেজি লেখাপড়া শেখার ভাষা-মাধ্যম মৌখিক ইংরেজি। কিন্তু যাদের প্রথম কথোপকথনের ভাষা ইংরেজি নয়, এমনকি যাদের ভাষা-পরিবেশে ইংরেজিতে কথা বলা-শোনা তেমন ঘটে না, ফলে ভাষাটি তাদের একেবারেই অচেনা, তাদেরও কি একই ভাবে বর্ণপরিচয় করিয়ে দিয়েই গদ্য-পদ্য পড়া লেখা, আর শব্দার্থ মুখস্থ করানো, এই পদ্ধতিতে লেখাপড়ার ইংরেজি শেখাব?

এই বইয়ে ইংরেজি শেখানোর পদ্ধতি অন্য। প্রথমত, মাতৃভাষার (এখানে বাংলা) মাধ্যমে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা, ও দ্বিতীয়ত, গদ্য বা পদ্যের ভাষা নয়, প্রথমে কথোপকথনে নিত্য ব্যবহারের মৌখিক ইংরেজি ভাষা ও তার বিভিন্ন ধরনের ছোট ছোট বাক্যের গঠন বারবার পড়া ও লেখায় অনুশীলনের সাহায্যে চেনা ও শেখা।

বাংলা পড়ে বুঝতে পারেন এমন সকলেই এই বইয়ের পাঠগুলো ধরে ইংরেজি শিখতে ও শেখাতে পারবেন । গদ্য ও পদ্যের ভাষার বদলে কথ্য ভাষায় রোজকার

সাধারণ জীবনের কথা বলায় ইংরেজি বাক্যগুলোর অর্থ বোঝা ও গঠন রপ্ত করা অনেকটাই সহজ হবে।

- শেখার শুরুতেই অযথা শব্দভারে ভারাক্রান্ত না করে কয়েকটামাত্র ইংরেজি শব্দ বলে দেওয়া হয়েছে, যা রোজকার জীবনে ব্যবহার হয়। এরপর ধাপে ধাপে ইংরেজি বাক্যগঠনে ব্যবহার করা সহায়ক শব্দগুলো (auxiliary verb) শিখিয়ে, এই কয়েকটামাত্র শব্দ দিয়েই কীভাবে কত রকম বাক্য তৈরি হয় তা বোঝানো ও বারবার অনুশীলন করানো হয়েছে। ক্রমাগত অনুশীলনই হল শেখার পদ্ধতি – বিভিন্ন ধরনের ইংরেজি বাক্যগুলো বার বার পড়ে ও বলে তার অর্থ বোঝা ও গঠন রপ্ত করা। এই উদ্দেশ্যে অনুশীলনের জন্য প্রতিটা পাঠে রাখা আছে অনেকগুলো করে বাক্যের উদাহরণ ।
- ইংরেজি বাক্যের গঠনে সময়কাল বা টেন্‌স (tense) বুঝতে শিক্ষার্থীদের বিশেষ সমস্যা হয়। এই কারণে টেন্‌সগুলো মিলিয়ে-মিশিয়ে নয়, বিশেষ সাবধানতায় টেন্‌স অনুযায়ী বিভিন্ন পাঠে ভাগ করে বর্তমান, অতীত, ও ভবিষ্যৎ কালের সহজ মৌখিক বাক্যের গঠন শেখানো ও অনুশীলন করানো হয়েছে, । বইয়ের পরবর্তী খণ্ডে আছে জটিল বাক্যের গঠন ও অন্যান্য ধরনের শব্দ ব্যবহার ।
- এই বইটি ব্যবহারের সময় লক্ষ রাখতে হবে যে প্রতিটা পাঠের আরম্ভে শেখার বিষয়টা বাংলায় বুঝিয়ে বলা হয়েছে। এই ব্যাখ্যার অংশগুলো যাঁরা শেখাবেন তাঁরা পড়ে নিয়ে শিশুদের প্রয়োজনমতো বুঝিয়ে বলবেন। শিক্ষার্থীরা পাঠের বাক্যগুলো জোরে জোরে পড়বে পরপর প্রতিটা শব্দে আঙুল দিয়ে ও বাক্যের অর্থটা বুঝে নিজের মতো করে অর্থটা বলবে তার মাতৃভাষায়। এই হল মাতৃভাষা বা প্রথম ভাষার মাধ্যমে দ্বিতীয় ভাষা শেখা। বাক্যগঠনের বিশেষ দিক ও নতুন শব্দের ব্যবহার প্রতি পাঠের শেষে বলা আছে, শিক্ষার্থীদের সুবিধার জন্য।

বইটি অনেকের মিলিত প্রয়াসের ফসল। বইটির বিভিন্ন অংশ লিখেছেন ও মতামত দিয়ে সমৃদ্ধ করেছেন: ইন্দ্রাণী ঘোষ (অবসরপ্রাপ্ত অধ্যাপিকা, ইংরেজি ভাষা ও সাহিত্য, বিধাননগর কলেজ, কলকাতা), রত্নাবলী ব্যানার্জি (অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, নতুন দিল্লি), দূর্বা মুখার্জি (গবেষক, ইংরেজি সাহিত্য, ইন্ডিয়ান ইন্‌স্টিটিউট্‌ অফ টেক্‌নোলজি, কানপুর) ও সুতনু ভট্টাচার্য (অধ্যাপক, অর্থনীতি, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী)। সৌরলক্ষ্মী মেমোরিয়াল ট্রাস্টের শিক্ষাকেন্দ্রে পাঠগুলির প্রাথমিক প্রয়োগ করেছেন অহনা সরকার, পতিতপাবন পাল, ও দীপঙ্কর ভট্টাচার্য।

জানুয়ারি, ২০১৭

ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

সুতনু ভট্টাচার্য

# সূচিপত্র

কীভাবে ইংরেজি শেখা – এই বইয়ের পদ্ধতি 3

পাঠ আরম্ভ 1. ইংরেজি শব্দের উচ্চারণ কীভাবে শেখা 11

পাঠ আরম্ভ 2. বড় ইংরেজি শব্দ সিলেব্‌ল ভেঙে পড়া 21

পাঠ আরম্ভ 3. কিছু শব্দে ব্যঞ্জনবর্ণ উচ্চারণের কয়েকটি নিয়ম 25

## প্রথম ভাগ : বর্তমান কালের বাক্য

পাঠ 1. কয়েকটা সাধারণ ইংরেজি শব্দ পরিচয় 27

1.1 ব্যক্তি ও বস্তুকে বোঝাতে বলা হয়
1.2 প্রশ্ন করতে বলা হয়
1.3 অবস্থান (কোথায়) বোঝাতে বলা হয়
1.4 কয়েকটা সাধারণ বস্তুর ইংরেজি নাম (যার সংখ্যা গোনা যায়)
1.5 কয়েকটা বিশেষ বস্তু ও বিষয়ের ইংরেজি নাম (যার সংখ্যা হয় না)
1.6 কোনোকিছুর একটাকে বলতে ব্যবহার হয় a, an, আর the
1.7 অনুরোধ করতে, এবং হ্যাঁ ও না বলতে ব্যবহার হয়
1.8 শব্দ জুড়ে অর্থ তৈরি করা
1.9 a, the, ও no, not ব্যবহার
1.10 কুড়ি পর্যন্ত ইংরেজি সংখ্যা
1.11 সপ্তাহের দিনগুলোর ইংরেজি নাম
1.12 বছরের মাসগুলোর ইংরেজি নাম
1.13 শরীরের কয়েকটা অঙ্গের নাম

পাঠ 2. বাক্যে বলা – আশেপাশে এখন যা আছে 35

2.1. এখন যা আছে বলতে ব্যবহার হয় am, is ও are
2.2. am, is ও are দিয়ে বাক্যের গঠন
2.3. বর্তমান ব্যক্তি ও বস্তুর কোন্‌টা কী বলা
2.4. প্রশ্নসূচক বাক্যের প্রথম অংশ
2.5. প্রশ্নের উত্তরে বাক্যে কখন no এবং কখন not হয়
2.6. ব্যক্তি ও বস্তুর কোন্‌টা কী প্রশ্ন ও উত্তর
2.7. প্রশ্ন ও উত্তরে জোর দিতে not ব্যবহার
2.8. ব্যক্তি ও বস্তুর কোন্‌টা কী, কে, কার, কোথায় ইত্যাদি প্রশ্ন ও উত্তর

পাঠ 3. বাক্যে বলা – এখন যে কাজ হয় বা ঘটে 47

3.1 কয়েকটা কাজের ইংরেজি শব্দ

3.2 ইংরেজি কাজ শব্দের -s রূপ কখন ব্যবহার হয়

3.3 কেউ সাধারণত যে কাজটা করে

3.4 on, in, up, down, to, from, with, of ব্যবহার

3.5 কাজটার দিক-নির্দেশ করে বলা – সাধারণত যা করা হয়

3.6 কাজ শব্দের আগে to দিয়ে বাক্য

পাঠ 4. কেউ যে কাজটা করে না বলা বা করে কিনা প্রশ্ন করা 53

4.1 বাক্যে do, does ব্যবহার

4.2 কেউ কাজটা করে কিনা প্রশ্ন ও উত্তর

4.3 জোর দিয়ে করা প্রশ্ন ও উত্তর – কেউ কাজটা করে কিনা

4.4 কাজটা কী, কোথায়, কখন, কীভাবে কেউ করে প্রশ্ন

পাঠ 5. করতে পারা, করার সম্ভাবনা বা অনুমতি, ও আদেশ করা 59

5.1 ভাবসূচক সহায়ক শব্দ can, may, must ব্যবহার

5.2 করতে পারা, না পারা বলতে can

5.3 করতে পারা নিয়ে প্রশ্ন ও উত্তর

5.4 করতে পারা নিয়ে প্রশ্ন ও উত্তরে জোর দেওয়া

5.5 করার সম্ভাবনা, অনুমতি, প্রার্থনা বলতে may

5.6 করা বা না করা অবশ্যপ্রয়োজন বলতে must

5.7 কী, কোথায়, কখন, কীভাবে করা, করার অনুমতি, আদেশ নিয়ে প্রশ্ন

পাঠ 6. কারও কোনও কিছু আছে বা নেই বলা 67

6.1 have, has ব্যবহারের নিয়ম

6.2 কারও কোনও কিছু আছে বা নেই বলা

6.3 কারও কোনও কিছু আছে বা নেই প্রশ্ন ও উত্তর

6.4 কারও কোনও কিছু আছে বা নেই প্রশ্ন ও উত্তরে জোর দেওয়া

6.5 পেতে পারা বা না পারা, সম্ভাবনা বা অনুমতি, উচিত-অনুচিত বলা

6.6 কোনও বস্তু পাওয়ার জন্য অনুরোধ

6.7 যে কাজটা করা অবশ্য প্রয়োজন

6.8 যে কাজটা করা অবশ্য প্রয়োজন নিয়ে প্রশ্ন ও উত্তর

পাঠ 7. হওয়া বা না-হওয়া ও হতে বলা – be শব্দের ব্যবহার 77
7.1 সাধারণভাবে অনেকের জন্য নির্দেশ বা বিজ্ঞপ্তিসূচক be
7.2 কিছু হতে পারা, হওয়ার সম্ভাবনা, ও হওয়ার আবশ্যকতা
7.3 কারো অবশ্যপ্রয়োজন কিছু হওয়া, কোথাও থাকা

পাঠ 8. কেউ যে কাজটা করছে বা করছে না 79
am/is/are ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার
8.1 কয়েকটি কাজ হয়ে চলার ইংরেজি শব্দ (-ing রূপ)
8.2 কেউ এখন যে কাজটা করছে বা করছে না
8.3 কেউ এখন কাজটা করছে বা করছে না – প্রশ্ন ও উত্তর
8.4 কেউ এখন কাজটা করছে বা করছে না – জোর দিয়ে প্রশ্ন ও উত্তর
8.5 যে কাজটা কেউ করছে বা করছে না সেটা নিয়ে প্রশ্ন ও উত্তর
8.6 কেউ এখন যে কাজটা করছে ভবিষ্যতের উদ্দেশ্যে

পাঠ 9. যে কাজটা কেউ সমাপ্ত করেছে 87
have/has ও কাজ শব্দের -en/ed রূপ ব্যবহার
9.1 কয়েকটা কাজ শব্দের -ing রূপ ও -en/ed রূপ
9.2 কেউ যে কাজটা করেছে বা করেনি
9.3 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নিয়ে প্রশ্ন ও উত্তর
9.4 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নিয়ে প্রশ্ন উত্তরে জোর দেওয়া
9.5 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নির্দিষ্ট করার প্রশ্ন উত্তর
9.6 হয়েছে বা থেকেছে বলা – been শব্দের ব্যবহার

*পরে শিখব: do have, can have, may have, must have দিয়ে বাক্য*

পাঠ 10. কিছু সময় ধরে যে কাজটা কেউ করে চলেছে 97
have been/has been ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার
10.1 কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে
10.2 কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে তা নিয়ে প্রশ্ন-উত্তর
10.3 কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে তা নিয়ে প্রশ্নে জোর দেওয়া
10.4 কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে তা নির্দিষ্ট করার প্রশ্ন উত্তর

*পরে শিখব: can have been, may have been, must have been দিয়ে বাক্য*

## দ্বিতীয় ভাগ : অতীত ও ভবিষ্যৎ কালের বাক্য


পাঠ 11. বাক্যে বলা – অতীতে যা ছিল 103

11.1 আগে (অতীতে) যা ছিল বলতে ব্যবহার হয় was বা were
11.2 was ও were দিয়ে বাক্যের গঠন
11.3 অতীতে যা ছিল বলা
11.4 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তর
11.5 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তরে জোর দেওয়া
11.6 অতীতে কোন্‌টা কী, কে, কার, কোথায় ছিল ইত্যাদি প্রশ্ন-উত্তর

পাঠ 12. অতীতে যে কাজ কেউ করেছিল বা করত 111

12.1 কয়েকটি কাজ শব্দের -ing, -en/ed, ও -ed রূপ
12.2 অতীত কালের বাক্যের did ব্যবহার
12.3 অতীতে যে কাজটা কেউ করেছিল বা করত
12.4 অতীতে কাজটা কেউ করেছিল বা করত কিনা প্রশ্ন-উত্তর
12.5 অতীতে কাজটা কেউ করেনি বা করত-না কিনা প্রশ্ন-উত্তর
12.6 কেউ কেন, কখন, কোথায়, কোন্ কাজটা করেছিল বা করত–প্রশ্ন-উত্তর

পাঠ 13. কেউ যে কাজ পেরেছিল বা করতে পারা সম্ভব ছিল 123

13.1 কোনও কাজ পেরেছিল, পারত (could), ও পারা সম্ভব ছিল (might)
13.2 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না
13.3 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না কিনা প্রশ্ন-উত্তর
13.4 কোনও কাজ পেরেছিল বা পারত কিনা জোর দিয়ে প্রশ্ন
13.5 কেউ কোন্ কাজটা কখন, কোথায় পেরেছিল বা পারত প্রশ্ন
13.6 অতীতে করা অনুরোধ বা অনুমতি (might)
13.7 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু করা (might)
13.8 অতীতে কিছু হতে পারত, হওয়ার সম্ভাবনা ছিল (could be)
13.9 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু হওয়া (might be)

*পরে শিখব: would, should দিয়ে বাক্য*

পাঠ 14. কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা 131

14.1 কারও কোনও কিছু ছিল (had)
14.2 বর্তমান ও অতীতকালের বাক্যগঠনে সহায়ক শব্দ
14.3 কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা
14.4 কারও কোনও কিছু ছিল বা ছিল না প্রশ্ন-উত্তর
14.5 কারও কিছু থাকতে পারত বা পারত না

14.6 কারও কিছু থাকা বা না-থাকার সম্ভাবনা ছিল
14.7 কোনও কিছু পাওয়ার জন্য অনুরোধ করা
14.8 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল
14.9 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল নিয়ে প্রশ্ন-উত্তর

পাঠ 15. কেউ যে কাজটা করছিল বা করছিল না 141
was/were ও কাজ শব্দের -ing রূপ
15.1 অতীতে কেউ যে কাজটা করছিল বা করছিল না
15.2 অতীতে কেউ কাজটা করছিল কিনা প্রশ্ন ও উত্তর
15.3 অতীতে কেউ কাজটা করছিল কিনা জোর দিয়ে প্রশ্ন ও উত্তর
15.4 কাজটা কী, কোথায়, কখন, কীভাবে কেউ করছিল নিয়ে প্রশ্ন ও উত্তর
15.5 কেউ ভবিষ্যতের উদ্দেশ্যে যে কাজটা করছিল বা করছিল না

পাঠ 16. অতীতে যে কাজটা কেউ সমাপ্ত করেছিল 149
had ও কাজ শব্দের -en/ed রূপ
16.1 অতীতে যে কাজটা কেউ করেছিল অন্য একটি ঘটনার আগে
16.2 অতীতে কাজটা কেউ অন্য একটি ঘটনার আগে করেছিল কিনা প্রশ্ন
16.3 অন্য একটি ঘটনার আগে কোন্ কাজটা কখন কোথায় কেন করা হয়েছিল
16.4 হয়েছিল বা থেকেছিল বলা – been শব্দের ব্যবহার

*পরে শিখব: could have, might have, would have,should have*

পাঠ 17. কিছু সময় ধরে যে কাজটা কেউ করে চলেছিল 155
had been ও কাজ শব্দের -ing রূপ
17.1 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল
17.2 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল নিয়ে প্রশ্ন
17.3 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল নিয়ে জোর দিয়ে প্রশ্ন
17.4 কিছু সময় ধরে কাজটা কী, কেন, কোথায়, কে করে চলেছিল

*পরে শিখব: could have been, might have been, must have been, would have been, should have been*

পাঠ 18. যে কাজ করা হবে বা যা হবে 159
will ও shall ব্যবহার
18.1 will ও shall ব্যবহারের নিয়ম
18.2 ভবিষ্যতে কেউ কোনও কাজ করবে (will/shall)
18.3 ভবিষ্যতে কিছু হওয়া (will be ও shall be)
18.4 ভবিষ্যতে কারও কিছু থাকা (will have/shall have)

18.5 ভবিষ্যতে কারও কিছু করা প্রয়োজন (will have to/shall have to)
18.6 বিশেষ নিয়ম: বাক্যের পর-নির্ভর অংশে will/shall হয় না
18.7 ভবিষ্যতে কেউ কোনও কাজ করে চলবে (will be /shall be)
18.8 ভবিষ্যতে যে কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন হবে
18.9 will have ও will have been ব্যবহার

## পাঠ আরম্ভ 1. ইংরেজি শব্দের উচ্চারণ কীভাবে শেখা

বর্ণ দিয়ে ইংরেজি শব্দ কীভাবে পড়তে হয় তা বুনিয়াদী পাঠে শেখানো হয়েছে। পাঠগুলি পুনরায় রাখা হল প্রয়োজন মতো শিক্ষার্থীকে দেখিয়ে দেওয়ার জন্য।

### 1. **ইংরেজি বর্ণ উচ্চারণ ধ্বনি দিয়ে বলা**

আমরা নাম দিয়ে বলেছি ও লিখতে শিখেছি ইংরেজি ভাষায় দুই ধরনের বর্ণ–বড় হাতের ও ছোট হাতের। এবারে শিখব বর্ণগুলো উচ্চারণ দিয়ে বলা। ছোট হাতের বর্ণই বেশি ব্যবহার হয়। বড় হাতের বর্ণ ব্যবহার হয় বাক্যের আরম্ভে প্রথম শব্দের প্রথম বর্ণে বা কোনো নাম শব্দের প্রথম বর্ণে। ছোট হাতের বর্ণগুলিই বেশি করে শিখতে হবে।

| বর্ণ | | নাম | উচ্চারণ ধ্বনি | বর্ণ | | নাম | উচ্চারণ ধ্বনি |
|---|---|---|---|---|---|---|---|
| a | A | এ | এ ে ্যা | n | N | এন্ | ন্ |
| b | B | বি | ব্ | o | O | ও | ও আ |
| c | C | সি | ক্ | p | P | পি | প্ |
| d | D | ডি | ড্ | q | Q | কিইউ | ক্ |
| e | E | ই | ঈ ী এ | r | R | আর্ | র্ |
| f | F | এফ্ | ফ্* | s | S | এস্ | স্ |
| g | G | জি | গ্ | t | T | টি | ট্ |
| h | H | এইচ্ | হ্ | u | U | ইউ | ইউ উ আ |
| i | I | আই | আই ই ি | v | V | ভি | ভ্* |
| j | J | জে | জ্ব | w | W | ডব্লিউ | উ ওআ |
| k | K | কে | ক্ | x | X | এক্স | ক্স গ্স্ |
| l | L | এল | ল্ | y | Y | ওয়াই | য় আই ই |
| m | M | এম্ | ম্ | z | Z | জেড্ | জ্* |

এই বর্ণগুলি নাম দিয়ে না পড়ে, উচ্চারণ ধ্বনি দিয়ে পড়া অভ্যাস করতে হবে। বাংলা বর্ণ দিয়ে ইংরেজি বর্ণের ধ্বনি বোঝানোর একটা অসুবিধা মনে রাখতে হবে। বাংলায় ইংরেজির f, v, আর z-এর উচ্চারণ নেই। ইংরেজির f ও v-কে উচ্চারণ করতে জিভের ডগাকে দাঁতের তলায় ঠেকিয়ে ও সেইসঙ্গে ওপর পাটির দাঁত তলার ঠোঁটে আলতো করে ঠেকিয়ে বাংলার ফ ও ভ-কে উচ্চারণ করতে হবে। ইংরেজির z-কে উচ্চারণ করতে জিভের ডগাকে দাঁতের তলায় ঠেকিয়ে বাংলার জ-কে উচ্চারণ করতে হবে। ইংরেজি বর্ণগুলোর মধ্যে a, e, i, o, u-কে বলা হয় স্বরবর্ণ ও বাকিগুলো হল ব্যঞ্জনবর্ণ।

## 2. ইংরেজি শব্দের উচ্চারণ বার বার পড়ে বলে অভ্যেস করা

নিচের তালিকায় ইংরেজি শব্দগুলো বানান করো, পড়ো ও পাশে দেওয়া শব্দগুলো বলো বার বার । অর্থ বোঝা ও মনে রাখার প্রয়োজন নেই। ইংরেজি শব্দ পড়তে ও বলতে পারা অভ্যাস করাই এখানে উদ্দেশ্য।

### ব্যঞ্জনবর্ণের যুক্ত উচ্চারণ

প্রথমে আমরা শিখব ইংরেজি ব্যঞ্জনবর্ণ পাশাপাশি থাকলে তার যুক্ত উচ্চারণ ধ্বনি কেমন হয়, যেগুলি আমরা সাধারণত ইংরেজি শব্দে পাই।

1. শব্দের আরম্ভে

| বানান | পড়ো | বলো | | বানান | পড়ো | বলো | |
|---|---|---|---|---|---|---|---|
| bl | ব্ল | ব্ল্যাক্, | টেবল্ | br | ব্র | ব্রাদার্, | ব্রেক্ |
| cl | ক্ল | ক্লাস্, | ক্লাব্ | cr | ক্র | ক্রো, | ক্রাই |
| ch | চ, ক | চক্, | কলেরা | dr | ড্র | ড্রয়িং, | ড্রিংক্ |
| fl | ফ্ল | ফ্লাই, | ফ্লাওয়ার্ | fr | ফ্র | ফ্রুট্, | ফ্রাই |
| gr | গ্র | গ্রুপ্, | গ্রাস্ | kn | নঃ | নোও, | নাইফ্ |
| ph | ফ | ফোন্, | ফোটো | pl | প্ল প্‌ল্ | প্লে, | কাপ্‌ল্ |
| pr | প্র | প্রে, | প্র্যাকটিস্ | sc | স্ক | স্কেইল্, | স্কার্ফ |
| scr | স্ক্র | স্ক্র্যাপ্, | স্ক্র্যাচ্ | sch | স্ক | স্কূল্, | স্কীম্ |
| sk | স্ক | স্কাই, | স্কিন্ | sh | শ | শ্যার্ট, | শ্যাম্পু |
| sm | স্ম | স্মেল্, | স্মাইল্ | sl | স্ল | স্লেইট্, | স্লিপ্ |
| sp | স্প | স্পীক্, | স্পাইডার্ | sn | স্ন | স্নো, | স্নব্ |
| sq | স্ক | স্কোয়্যার্, | স্কুয়িরল্ | st | স্ট | স্টপ্, | স্ট্যান্ড |
| sw | স: | সুইচ্, | সুঈট্ | str | স্ট্র | স্ট্রাইক্, | স্ট্রং |
| tr | ট্র | ট্র্যাম্, | ট্রী | th | দ থ | দিস্, | থিংক্ |
| thr | থ্র | থ্রো, | থ্রী | wh | হ: | হোয়ট্, | হোয়াইট্ |
| wr | র | রাইট্, | র‍্যাপার্ | | | | |

2. শব্দের শেষে বা মাঝে

| বানান | পড়ো | বলো | | বানান | পড়ো | বলো | |
|---|---|---|---|---|---|---|---|
| ct | ক্ট | প্যাক্ট, | ফ্যাক্ট | ck | ক্ | পিক্, | কিক্ |
| ckl | কল্ | সিক্‌ল্, | হেক্‌ল্ | dg | :জ্ | গ্রাজ্, | প্লেজ্ |
| ff | ফ: | পাফ্, | টাফ্ | ght | :ট | থঅট্, | ব্রঅট্ |
| lt | ল্ট | কুইল্ট, | বিল্ট | ll | ল্ | ফূল্, | বূল্ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ld | ল্ড | বিল্ড, | ফীল্ড | mp | ম্প | জাম্প, | ক্যাম্প |
| nc | ন্স | প্রুডেন্স, | ফেন্স | ns | ন্স | ডিফেন্স, | টেন্স |
| ng | ং | ব্রিং, | সিং | nch | ঞ্চ | ব্রাঞ্চ, | ল্যঞ্চ |
| nk | ঙ্ক | ইঙ্ক, | ড্রিঙ্ক | nd | ন্ড | উন্ড, | ব্র্যান্ড |
| nkl | ঙ্কল্ | এ্যাঙ্কল্, | টুইঙ্কল্ | nt | ন্ট | প্রেসেন্ট, | গ্রান্ট |
| pth | প্থ্ | ডেপ্থ | | pt | প্ট | স্লেপ্ট, | কেপ্ট |
| rth | র্থ | আর্থ, | বার্থ | rn | র্ণ | আর্ণ, | বার্ণ |
| rv | র্ভ | নার্ভ, | সার্ভ | rs | র্স | নার্স, | কার্স |
| ft | ফ্ট্ | লিফ্ট্, | শিফ্ট্ | nth | ন্থ | প্লিন্থ, | টেন্থ |

## স্বরবর্ণের হ্রস্ব উচ্চারণ

a, e, i, o, u-এর উচ্চারণ ধ্বনি মূলত দুই রকমের হয় – হ্রস্ব ও দীর্ঘ। আমরা প্রথমে হ্রস্ব ধ্বনিটা কেমন হয় সেটা শিখব। হ্রস্ব উচ্চারণে a-এর উচ্চারণ এ নয়, অ্যা; e-এর উচ্চারণ ই নয়, এ বা ে-কার; i-এর উচ্চারণ আই নয়, ই বা ি-কার; o-এর উচ্চারণ ও নয়, অ; আর u-এর উচ্চারণ ইউ নয়, আ।

নিচে দেওয়া ইংরেজি শব্দগুলো বানান করে বলো ও পাশে বাংলায় দেওয়া শব্দগুলোর উচ্চারণ বার বার বলে অভ্যেস করো।

3. একটি ব্যঞ্জনবর্ণের আগে

| a | অ্যা | e | এ ে | i | ই ি | o | অ | u | আ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ab | অ্যাব্ | eb | এব্ | ic | ইক্ | ob | অব্ | ub | আব্ |
| ac | অ্যাক্ | ed | এড্ | id | ইড্ | oc | অক্ | ud | আড্ |
| ad | অ্যাড্ | eg | এগ্ | if | ইফ্ | od | অড্ | ug | আগ্ |
| af | অ্যাফ্ | ek | এক্ | ig | ইগ্ | og | অগ্ | um | আম্ |
| ag | অ্যাগ্ | el | এল্ | il | ইল্ | om | অম্ | un | আন্ |
| ak | অ্যাক্ | em | এম্ | im | ইম্ | on | অন্ | up | আপ্ |
| al | অ্যাল্ | en | এন্ | in | ইন্ | op | অপ্ | ur | আর্ |
| am | অ্যাম্ | ep | এপ্ | ip | ইপ্ | or | অর্ | us | আস্ |
| an | অ্যান্ | et | এট্ | ir | ইর্ | os | অস্ | ut | আট্ |
| ap | অ্যাপ্ | es | এস্ | is | ইস্ | ot | অট্ | | |
| aq | অ্যাক্ | ex | এক্স | it | ইট্ | ox | অক্স | | |
| at | অ্যাট্ | | | ix | ইক্স | | | | |

4. দুটি ব্যঞ্জনবর্ণের মাঝে

| a | অ্যা | e | এ ে | i | ই ি | o | অ | u | আ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| bad | ব্যাড্ | den | ডেন্ | big | বিগ্ | bog | বগ্ | bud | বাড্ |
| pad | প্যাড্ | fed | ফেড্ | fit | ফিট্ | dog | ডগ্ | dug | ডাগ্ |
| bat | ব্যাট্ | peg | পেগ্ | hit | হিট্ | cog | কগ্ | hum | হাম্ |
| cat | ক্যাট্ | pet | পেট্ | lid | লিড্ | fog | ফগ্ | sum | সাম্ |
| fat | ফ্যাট্ | set | সেট্ | lip | লিপ্ | sop | সপ্ | jug | জাগ্ |
| sat | স্যাট্ | met | মেট্ | tip | টিপ্ | pot | পট্ | fun | ফান্ |
| mat | ম্যাট্ | pen | পেন্ | sit | সিট্ | not | নট্ | cut | কাট্ |
| pat | প্যাট্ | let | লেট্ | rib | রিব্ | for | ফর্ | but | বাট্ |
| tat | ট্যাট্ | bet | বেট্ | rim | রিম্ | rob | রব্ | tub | টাব্ |
| vat | ভ্যাট্ | jet | জেট্ | dim | ডিম্ | sod | সড্ | mud | মাড্ |
| pan | প্যান্ | yet | ইয়েট্ | sim | সিম্ | lot | লট্ | | |
| tan | ট্যান্ | yes | ইয়েস্ | sip | সিপ্ | | | | |
| map | ম্যাপ্ | | | | | | | | |

দেখে নেওয়া যাক bad, pad শব্দদুটি কীভাবে উচ্চারণ হবে। ad-কে আমরা উচ্চারণ করব অ্যাড্। তাহলে bad-এর উচ্চারণ হবে ব্+অ্যাড্ বা ব্যাড্, আর pad-এর উচ্চারণ হবে প্+অ্যাড্ বা প্যাড্।

5. দুটি ব্যঞ্জনবর্ণের আগে

| | nd | nt | lt | pt | ck | ng | sh | ss | th | st |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| a | and | ant | alt | apt | ack | ang | ash | ass | ath | ast |
| অ্যা | অ্যান্ড | অ্যান্ট | অ্যাল্ট | অ্যাপ্ট | অ্যাক্ | অ্যাং | অ্যাশ্ | অ্যাস্ | অ্যাথ্ | অ্যাস্ট |
| e | end | ent | elt | ept | eck | eng | esh | ess | eth | est |
| এ ে | এন্ড | এন্ট | এল্ট | এপ্ট | এক্ | এং | এশ্ | এস্ | এথ্ | এস্ট |
| i | ind | int | ilt | ipt | ick | ing | ish | iss | ith | ist |
| ই ি | ইন্ড | ইন্ট | ইল্ট | ইপ্ট | ইক্ | ইং | ইশ্ | ইস্ | ইথ্ | ইস্ট |
| o | ond | ont | olt | opt | ock | ong | osh | oss | oth | ost |
| অ | অন্ড | অন্ট | অল্ট | অপ্ট | অক্ | অং | অশ্ | অস্ | অথ্ | অস্ট |
| u | und | unt | ult | upt | uck | ung | ush | uss | uth | ust |
| আ | আন্ড | আন্ট | আল্ট | আপ্ট | আক্ | আং | আশ্ | আস্ | আথ্ | আস্ট |

## 6. একাধিক ব্যঞ্জনবর্ণের আগে, পরে, ও মাঝে

আগে দুটি ব্যঞ্জন বর্ণ

| a অ্যা | | e এ | | i ই ি | | o অ | | u আ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| cram | ক্র্যাম্ | bred | ব্রেড্ | brim | ব্রিম্ | clot | ক্লট্ | glut | গ্লাট্ |
| gram | গ্র্যাম্ | fret | ফ্রেট্ | grim | গ্রিম্ | plot | প্লট্ | slut | স্লাট্ |
| clap | ক্ল্যাপ্ | stem | স্টেম্ | clip | ক্লিপ্ | clog | ক্লগ্ | sum | সাম্ |
| slap | স্ল্যাপ্ | step | স্টেপ্ | slip | স্লিপ্ | flog | ফ্লগ্ | stun | স্টান্ |
| clan | ক্ল্যান্ | bled | ব্লেড্ | grin | গ্রিন্ | crop | ক্রপ্ | shut | শাট্ |
| plan | প্ল্যান্ | fled | ফ্লেড্ | shin | শিন্ | prop | প্রপ্ | drum | ড্রাম্ |

আগে একটি ও পরে দুটি ব্যঞ্জনবর্ণ

| a অ্যা | | e এ | | i ই ি | | o অ | | u আ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| cant | ক্যান্ট | bent | বেন্ট | list | লিস্ট | bond | বন্ড | buff | বাফ্ |
| pant | প্যান্ট | rent | রেন্ট | mist | মিস্ট | pond | পন্ড | puff | পাফ্ |
| pack | প্যাক্ | best | বেস্ট | hiss | হিস্ | toss | টস্ | hull | হাল্ |
| sack | স্যাক্ | test | টেস্ট | miss | মিস্ | moss | মস্ | lull | লাল্ |
| gash | গ্যাশ্ | felt | ফেল্ট | hill | হিল্ | mock | মক্ | buck | বাক্ |
| lash | ল্যাশ্ | melt | মেল্ট | fill | ফিল্ | rock | রক্ | luck | লাক্ |

আগে দুটি ও পরে দুটি ব্যঞ্জনবর্ণ

| a অ্যা | | e এ | | i ই ি | | o অ | | u আ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| bland | ব্ল্যান্ড | blend | ব্লেন্ড | brick | ব্রিক্ | broth | ব্রথ্ | brunt | ব্রান্ট |
| gland | গ্ল্যান্ড | spend | স্পেন্ড | trick | ট্রিক্ | froth | ফ্রথ্ | crush | ক্রাশ্ |
| brand | ব্র্যান্ড | crept | ক্রেপ্ট | smith | স্মিথ্ | scorn | স্কর্ন | blush | ব্লাশ্ |
| grand | গ্র্যান্ড | slept | স্লেপ্ট | stint | স্টিন্ট | scoff | স্কফ্ | crust | ক্রাস্ট |
| blank | ব্ল্যাঙ্ক | blest | ব্লেস্ট | stilt | স্টিল্ট | cross | ক্রস্ | grunt | গ্রান্ট |
| drank | ড্র্যাঙ্ক | crest | ক্রেস্ট | think | থিঙ্ক | frost | ফ্রস্ট | drunk | ড্রাঙ্ক |

আগে তিনটি ব্যঞ্জনবর্ণ

| a অ্যা | | e এ | | i ই ি | | o অ | | u আ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| scrap | স্ক্র্যাপ্ | shred | শ্রেড্ | shrimp | শ্রিম্প | strong | স্ট্রং | shrub | শ্রাব্ |
| strand | স্ট্র্যান্ড | thresh | থ্রেশ্ | strict | স্ট্রিক্ট | throng | থ্রং | shrunk | শ্রাঙ্ক |
| strap | স্ট্র্যাপ্ | stress | স্ট্রেস্ | string | স্ট্রিং | throb | থ্রব্ | sprung | স্প্রাং |
| thrash | থ্র্যাশ্ | strength | স্ট্রেংথ | thrift | থ্রিফ্ট | strop | স্ট্রপ্ | thrust | থ্রাস্ট |

পরে তিনটি ব্যঞ্জনবর্ণ

| a অ্যা | | e এ | | i ই ি | | o অ | | u আ, ƨ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| hands | হ্যান্ডস | stench | স্টেঞ্চ | filch | ফিল্চ্ | storms | স্টর্মস | bunch | বাঞ্চ |
| lamps | ল্যাম্পস | belch | বেল্চ্ | filth | ফিল্থ্ | scorch | স্কর্চ | crunch | ক্রাঞ্চ |
| thanks | থ্যাঙ্কস্ | depth | ডেপ্থ্ | pinch | পিঞ্চ | torch | টর্চ | grunts | গ্রান্টস্ |
| bangle | ব্যাঙ্গল | smells | স্মেল্স | midst | মিড্স্ট | north | নর্থ | durst | ডার্স্ট |

**স্বরবর্ণের দীর্ঘ উচ্চারণ**

আমরা স্বরবর্ণের হ্রস্ব উচ্চারণ শিখেছি। এবার শিখব দীর্ঘ উচ্চারণ কেমন হয়। দীর্ঘ উচ্চারণ বর্ণগুলির যা নাম অনেকটা সেরকমই হয়, তাই মনে রাখতে অসুবিধা হবে না।

7. স্বরবর্ণের দীর্ঘ ও হ্রস্ব উচ্চারণ

| | a | e | i | o | u | y |
|---|---|---|---|---|---|---|
| দীর্ঘ | এ | ঈ ী | আই | ও | ইউ | ইয় |
| হ্রস্ব | অ্যা | এ | ই ি | অ | আ উ | ই ি |

8. শব্দের শেষে e উচ্চারণ হয়না, কিন্তু আগের স্বরবর্ণটি দীর্ঘ হয়ে যায়

| অ্যা | এ | এ | ঈ ী | ই ি | আই | অ | ও | আ | ইউ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| dam | dame | met | mete | din | dine | rob | robe | tub | tube |
| ড্যাম | ডেএম্ | মেট্ | মীট্ | ডিন্ | ডাইন্ | রব্ | রোব্ | টাব্ | টিউব্ |
| tap | tape | bet | bee | sit | site | for | fore | tun | tune |
| ট্যাপ্ | টেএপ্ | বেট্ | বী | সিট্ | সাইট্ | ফর্ | ফোর্ | টান্ | টিউন্ |

এই নিয়মটি কিছু শব্দে পালন হয় না। সেগুলি আলাদা করে মনে রাখতে হবে, যেমন,

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| come | কাম্ | done | ডান্ | none | নান্ | dove | ডাভ্ | have | হ্যাভ |
| some | সাম্ | gone | গন্ | glove | গ্লভ্ | love | লাভ্ | one | ওয়ান্ |
| give | গিভ্ | শব্দের শেষে -tive | | | টিভ্ | live | লিভ্, লাইভ্ | | |

**শব্দবিশেষে স্বরবর্ণগুলির হ্রস্ব ও দীর্ঘ উচ্চারণ বিভিন্ন হতে পারে**

9. a স্বরবর্ণটির উচ্চারণ

| হ্রস্ব অ্যা | | দীর্ঘ এ | | বর্ধিত | | মধ্যম | |
|---|---|---|---|---|---|---|---|
| land | ল্যান্ড | bake | বেক্ | hall | হঅল্ | pass | পাস্ |
| cash | ক্যাশ্ | take | টেক্ | call | কঅল্ | mast | মাস্ট |
| rat | র‍্যাট্ | cake | কেক্ | fall | ফঅল্ | bask | বাস্ক |
| dash | ড্যাশ্ | save | সেভ্ | tall | টঅল্ | task | টাস্ক |

10. e স্বরবর্ণটির উচ্চারণ

| হ্রস্ব এ | | দীর্ঘ ঈ | | ক্ষীণ, হ্রস্ব u-এর মতো | | | |
|---|---|---|---|---|---|---|---|
| fell | ফেল্ | here | হীয়র্ | fern | ফার্ণ | germ | জার্ম |
| bend | বেন্ড | mere | মীয়র্ | serve | সার্ভ | term | টার্ম |
| send | সেন্ড | peter | পীটর্ | jerk | জার্ক | serge | সার্জ |

11. i স্বরবর্ণটির উচ্চারণ

| হ্রস্ব ই | | দীর্ঘ আই | | ক্ষীণ, হ্রস্ব u-এর বা য-র মতো | |
|---|---|---|---|---|---|
| live | লিভ্ | bind | বাইন্ড | sir | স্যর্ |
| hill | হিল্ | find | ফাইন্ড | bird | ব্যর্ড |
| mint | মিন্ট | mile | মাইল্ | dirt | ড্যর্ট |
| kill | কিল্ | tile | টাইল্ | first | ফ্যর্স্ট |

12. o স্বরবর্ণটির উচ্চারণ

| হ্রস্ব অ | | দীর্ঘ ও | | oo-এর মতো | | ক্ষীণ, হ্রস্ব u-এর মতো | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| short | শর্ট | gold | গোল্ড | move | মূভ্ | some | সাম্ | done | ডান্ |
| loss | লস্ | told | টোল্ড | lose | লূসz | none | নান্ | dove | ডাভ্ |
| form | ফর্ম | roll | রোল্ | | | love | লাভ্ | come | কাম্ |

13. u স্বরবর্ণটির উচ্চারণ

| হ্রস্ব আ | | দীর্ঘ ইউ | | ক্ষুদ্র উ | | | | oo-এর মতো | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| stuff | স্টাফ্ | fuse | ফিউস্ | full | ফুল্ | bush | বুশ্ | rule | রূল্ |
| dust | ডাস্ট | tube | টিউব্ | bull | বুল্ | push | পুশ্ | crude | ক্রূড্ |
| rust | রাস্ট | fume | ফিউম্ | truth | ট্রুথ্ | pull | পুল্ | sure | শ্যূর্ |

## স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

ai স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| | | | |
|---|---|---|---|
| rain | রেইন্ | laid | লেইড্ |
| pain | পেইন্ | faint | ফেইন্ট |
| sail | সেইল্ | brain | ব্রেইন্ |
| tail | টেইল্ | train | ট্রেইন্ |

au স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| | | | |
|---|---|---|---|
| taunt | টঅন্ট | pause | পঅজ্ |
| cause | কঅজ্ | daunt | ডঅন্ট্ |

| | | | |
|---|---|---|---|
| vault | ভঅল্ট্ | fraud | ফ্রঅড্ |
| fault | ফঅল্ট্ | gauze | গঅজ্ |

aw স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| | | | |
|---|---|---|---|
| saw | সঅ | draw | ড্রঅ |
| law | লঅ | raw | রঅ |
| dawn | ডঅন্ | thaw | থঅ |
| crawl | ক্রঅল্ | awl | অল্ |

ay স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| | | | |
|---|---|---|---|
| lay | লে | stay | স্টে |
| pay | পে | hay | হে |
| say | সে | pray | প্রে |
| day | ডে | spray | স্প্রে |

ea স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| দীর্ঘ e-এর মতো | | হ্রস্ব e-এর মতো | | ক্ষীণ হ্রস্ব u-এর মতো | |
|---|---|---|---|---|---|
| pea | পী | bread | ব্রেড্ | search | সার্চ |
| tea | টী | dead | ডেড্ | pearl | পার্ল |
| lean | লীন্ | head | হেড্ | dearth | ডার্থ |
| plead | প্লীড্ | break | ব্রেক্ | heart | হার্ট |

ee স্বরবর্ণের যুক্ত উচ্চারণ দীর্ঘ e-এর মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| flee | ফ্লী | seen | সীন্ | seek | সীক্ | heed | হীড্ |
| been | বীন্ | meet | মীট্ | cheer | চীয়ার | need | নীড্ |

ei স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| দীর্ঘ e-এর মতো | | দীর্ঘ a-এর মতো | | | |
|---|---|---|---|---|---|
| seize | সীজ্ | their | দেয়ার | heir | এয়ার্ |
| heifer | হীফার্ | eight | এইট্ | veil | ভেইল্ |

ew স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| দীর্ঘ u-এর মতো | | | | oo-এর মতো | | | |
|---|---|---|---|---|---|---|---|
| new | নিউ | dew | ডিউ | brew | ব্রু | threw | থ্রু |
| few | ফিউ | stew | স্টিউ | flew | ফ্লু | shrew | শ্রু |

eu স্বরবর্ণের যুক্ত উচ্চারণ দীর্ঘ u-এর মতো

| | | | |
|---|---|---|---|
| feud | ফিউড্ | deuce | ডিউস্ |

ey স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| দীর্ঘ e-এর মতো | | হ্রস্ব e-এর মতো | |
|---|---|---|---|
| key | কী | grey | গ্রে |
| | | prey | প্রে |

ie স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| দীর্ঘ e-এর মতো | | দীর্ঘ i-এর মতো | | হ্রস্ব e-এর মতো | |
|---|---|---|---|---|---|
| chief | চীফ্ | tie | টাই | friend | ফ্রেন্ড |
| shield | শীল্ড | fie | ফাই | | |
| field | ফীল্ড | | | | |
| fierce | ফীয়ার্স | | | | |

oa স্বরবর্ণের যুক্ত উচ্চারণ দীর্ঘ o-এর মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| boat | বোট্ | load | লোড্ | toast | টোস্ট | foam | ফোম্ |
| coat | কোট্ | road | রোড্ | boast | বোস্ট | roam | রোম্ |

oe স্বরবর্ণের যুক্ত উচ্চারণ দীর্ঘ o-এর মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| toe | টো | foe | ফো | hoe | হো | roe | রো |

oi স্বরবর্ণের যুক্ত উচ্চারণ অয়-র মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| boil | বয়ল্ | toil | টয়ল্ | coin | কয়ন্ | noise | নয়স্ |
| coil | কয়ল্ | soil | সয়ল্ | join | জয়ন্ | point | পয়ন্ট |

oo স্বরবর্ণের যুক্ত উচ্চারণ উ-র মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| too | টু | look | লূক্ | good | গুড্ | moon | মূন্ |
| soon | সূন্ | root | রূট্ | boot | বূট্ | nook | নূক্ |
| কখনো দীর্ঘ o-এর মতো | | | | door | ড্যর্ | floor | ফ্ল্যর্ |

ou স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| আউ-এর মতো | | উ-এর মতো | | দীর্ঘ o-এর মতো | | আ-র মতো | |
|---|---|---|---|---|---|---|---|
| stout | স্টাউট্ | soup | সূপ্ | four | ফোর্ | trouble | ট্রাব্ল্ |
| loud | লাউড্ | group | গ্রূপ্ | | | porous | পোরাস্ |
| count | কাউন্ট | route | রূট | | | couple | কাপ্ল্ |
| hound | হাউন্ড | could | কূড | | | cough | কাফ্ |

ow স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| আও -এর মতো | | | | দীর্ঘ o-এর মতো | | | |
|---|---|---|---|---|---|---|---|
| now | নাও | owl | আওল | flow | ফ্লো | grow | গ্রো |
| how | হাও | brow | ব্রাও | slow | স্লো | glow | গ্লো |

oy স্বরবর্ণের যুক্ত উচ্চারণ অয়-এর মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| boy | বয় | joy | জয় | toy | টয় | coy | কয় |

ua স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| আ-র মতো | | ওয়া-র মতো | | শেষে e থাকার ফলে ওয়ে-র মতো | |
|---|---|---|---|---|---|
| guard | গার্ড | quart | কয়ার্ট | quake | কয়েক্ |
| | | squad | স্কয়াড্ | | |

ue স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| উ-র মতো | | | | দীর্ঘ u-এর মতো | | | |
|---|---|---|---|---|---|---|---|
| blue | ব্লু | true | ট্রু | due | ডিউ | hue | হিউ |
| clue | ক্লু | flue | ফ্লু | Tuesday | টিউস্‌ডে | | |

ui স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| উই-র মতো | | ই-র মতো | | দীর্ঘ i-এর মতো | | উ-র মতো | |
|---|---|---|---|---|---|---|---|
| quick | কুইক্ | built | বিল্ট | guide | গাইড্ | suit | স্যুট |
| bruise | ব্রুইস z | guilt | গিল্ট | | | fruit | ফ্রুট |
| | | quilt | কুইল্ট | | | | |

wa স্বরবর্ণের যুক্ত উচ্চারণ আ-র মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| swam | সআম্ | dwarf | ডআর্ফ | thwart | থআর্ট | twang | টোয়াং |

we স্বরবর্ণের যুক্ত উচ্চারণ ওয়ে-র মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| swell | সোয়েল্ | dwell | ডোয়েল্ | tweleve | টুয়েল্‌ভ্ | swept | সোয়েপ্ট |

wi স্বরবর্ণের যুক্ত উচ্চারণ ই-র মতো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| twist | টুইস্ট | swing | সুয়িং | twirl | টুইর্ল | twin | টুইন্ |

তিনটি স্বরবর্ণের যুক্ত উচ্চারণ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| awe | অ | swear | সোয়্যার্ | squeak | স্কুঈক্ | view | ভিউ |

## পাঠ আরম্ভ 2. বড় ইংরেজি শব্দ **Syllable** (সিলেব্‌ল) ভেঙে পড়া

এক একটা ইংরেজি শব্দে একাধিক বর্ণ পরপর পাশে বসিয়ে লেখা হয়। কোনও কোনও শব্দে 7-8টা, 12-13টা এমনকি আরও বেশি বর্ণ হতে পারে। সমস্যা হয়, এই বড় বড় শব্দগুলো পড়ে ঠিকভাবে বলা। এই সমস্যার কারণে শব্দগুলো পড়তে শেখার শুরুতে সব শিশুরই প্রবণতা হয় অচেনা শব্দকে আন্দাজ করে কোনও একটা চেনা শব্দ হিসাবে বলে ফেলা। এর মানে, তারা শব্দকে বর্ণ (অক্ষর) দিয়ে পড়ল না, আন্দাজ করার চেষ্টা করল। তাই প্রথমেই শেখাতে হয়, এই আন্দাজে ঢিল ছোঁড়াটা তারা যেন না করে। প্রতিটা শব্দকে বর্ণ (অক্ষর) দিয়ে পড়ে বলতে হবে।

তাই শিখব, শব্দ কীভাবে পড়ব। শব্দ পড়তে হয় অংশে ভেঙে ভেঙে, ও তারপর অংশগুলো যুক্ত করে বলে। প্রশ্ন হল, কীভাবে অংশগুলো ভেঙে নেব এক একটা করে। তার কী কোনও নিয়ম আছে? নিয়মটা হল, এমন ভাবে অংশগুলো নেব, যাতে এক একটা অংশে কেবল একটা মাত্র স্বরধ্বনি থাকে। ইংরেজিতে স্বরধ্বনি আনে এমন বর্ণগুলোকে চিনি। এগুলো হল ইংরেজি স্বরবর্ণ, a, e, i, o, u, যাকে **Vowel** (ভাওয়েল) বলা হয় । সাধারণত y বর্ণটা 'য়াই' বা 'ই' ধ্বনি আনে, তাই একেও স্বরধ্বনি হিসাবে ধরতে হবে। এগুলো বাদে বাকি ব্যঞ্জনবর্ণগুলোকে বলে **Consonant** (কন্‌সোনেন্ট)।

আমরা অংশগুলো ভাঙব **স্বরধ্বনি দিয়ে**, স্বরবর্ণগুলো দেখে নয়। কারণ, অনেক শব্দ লেখায় একটাই স্বরধ্বনিকে দুটো স্বরবর্ণ পাশাপাশি বসিয়ে দেখানো হয় –যেমন, ou, ee, ea, ai, ue, ua । তাই এগুলোকে একটাই স্বরধ্বনি ধরতে হবে। আবার, কখনো লেখায় একটা স্বরবর্ণ থাকলেও তার উচ্চারণ হয় না – যেমন, শব্দের শেষ বর্ণটা e হলে সেটা সাধারণত উচ্চারণ করা হয় না, তার স্বরধ্বনি তাই ধরা হয় না।

স্বরধ্বনি দিয়ে ভাঙা এক একটা অংশকে বলে অক্ষর (আমরা চলতি কথায় ভুল করে বর্ণকেই অক্ষর বলি)। ইংরেজিতে একে বলে Syllable (সিলেব্‌ল)। সুতরাং, লেখা শব্দগুলো আমাদের পড়তে হয় সিলেব্‌ল ভেঙে।

আমরা আগেই শিখেছি বিভিন্ন শব্দে স্বরবর্ণগুলোর উচ্চারণ ধ্বনির হেরফের হয়। যেমন, শেষে e-এর উচ্চারণ হয় না বটে, কিন্তু তার ফলে আগের স্বরবর্ণটার উচ্চারণ দীর্ঘ হয়ে যায় – যেমন tap (ট্যাপ) আর tape (টেপ), tub (টাব) আর tube (টিউব), ইত্যাদি। আবার, শব্দের আরম্ভে u-এর উচ্চারণ

সাধারণত হয় ‘আ’। যেমন, umbrella (আম্ব্রেলা), unknown (আন্নোওন্), untold (আন্টোল্ড), utter (আট্টার), ইত্যাদি। কিন্তু, শব্দের আরম্ভে u-এর পরে একটা ব্যঞ্জনবর্ণের পরেই কোনও স্বরবর্ণ থাকলে, এই u-টার উচ্চারণ হয়ে যায় ‘ইউ’। যেমন, union (ইউনিয়ন), use (ইউস্), utility (ইউটিলিটি), unanimous (ইউন্যানিমাস্), university (ইউনিভার্সিটি), ইত্যাদি। শব্দের মাঝে u-এর উচ্চারণ আবার ‘উ’-ও হয়।

প্রথমে দেখব, যে শব্দগুলো ভেঙে পড়তে হবে না, কারণ শব্দে একটাই স্বরধ্বনি আছে বলে একটাই সিলেব্ল। এরপরে আমরা কয়েকটা সিলেব্ল ভেঙে পড়া দেখব।

**One Syllable words – পুরো শব্দটা একটাই হিসাবে পড়ে বলতে হবে**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| bat | cat | mat | sat | red | act | bid | bus |
| cord | count | door | drop | dumb | faith | fear | take |
| few | sun | one | sum | two | four | three | knees |
| give | bring | scene | school | snake | soul | steep | tong**ue** |
| glove | head | heat | high | path | plot | pole | month |
| love | life | base | blame | bomb | break | jump | play |
| moon | mourn | yard | raid | pause | rage | step | week |
| sing | dance | good | bad | great | doom | lose | loose |
| this | that | him | slim | third | thirst | throw | through |

লক্ষ করো: tongue (টাঙ) উচ্চারণ দেখো – শেষে ue-র উচ্চারণ হচ্ছে না।

**Two syllable words – দুটো অংশে ভেঙে নিয়ে কীভাবে পড়ে বলতে হবে**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| twelve | twe-lve | টুয়ে-ল্ভ | fourteen | four-teen | ফোর-টীন |
| thursday | thurs-day | থারস্-ডে | country | coun-try | কান্-ট্রি |
| sixty | six-ty | সিক্স-টি | pumpkin | pump-kin | পাম্প-কিন্ |
| tuesday | tues-day | টিউস-ডে | thousand | thou-sand | থাউ-স্যান্ড |
| able | a-ble | এ-ব্ল | else | e-lse | এ-ল্স |
| over | o-ver | ও-ভার | office | of-fice | অফ্-ফিস্ |

অনুশীলন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| pur-ple | per-fect | prin-cess | sil-ver | se-ven | thir-teen |
| God-ard | a-bout | fi-fty | a-gain | wa-ter | pi-zza |
| thir-ty | do-nate | An-gel | peo-ple | free-dom | fu-ture |
| hea-ven | ha-ppy | na-ture | hus-band | par-ty | Christ-mas |
| spe-cial | lan-guage | pic-ture | mu-sic | Mon-day | su-gar |
| ci-ty | Mum-bai | wo-man | twen-ty | roc-ket | lad-der |

**Three syllable words – তিনটে অংশে ভেঙে নিয়ে কীভাবে পড়ে বলতে হবে**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Africa | A-fri-ca | অ্যা-ফ্রি-কা | chocolate | cho-co-late | চ-কো-লেট |
| energy | en-er-gy | এন্-আর-জি | eleven | el-ev-en | ইল্-এভ্-এন্ |
| seventy | sev-en-ty | সেভ্-এন্-টি | celebrate | ce-le-brate | সে-লি-ব্রেট |
| family | fa-mi-ly | ফ্যা-মি-লি | banana | ba-na-na | ব্যা-না-না |
| piano | pi-an-o | পি-য়া-নো | animal | a-ni-mal | অ্যা-নি-ম্যাল |
| happiness | hap-pi-ness | হ্যাপ-পি-নেস | potato | po-ta-to | পো-ট্যা-টো |

অনুশীলন:

| | | | | |
|---|---|---|---|---|
| or-an-ge | for-ev-er | ad-ven-ture | el-eph-ant | to-ge-ther |
| his-to-ry | Ge-or-gia | im-por-tant | a-maz-ing | con-so-nant |
| In-di-a | fe-mi-nine | fa-vou-rite | dan-ger-ous | mas-cu-line |
| In-di-an | ho-li-day | syl-la-ble | ab-di-cate | me-di-a |
| Ju-pi-ter | en-ve-lope | di-a-mond | me-mo-ry | Can-a-da |

**Four syllable words – চারটে সিলেব্‌ল ভেঙে পড়ে বলা**

| | | |
|---|---|---|
| i-den-ti-cal | A-me-ri-ca | A-me-ri-can |
| wa-ter-mel-on | un-de-man-ding | ir-re-gu-lar |
| ce-le-bra-tion | in-for-ma-tion | in-ter-mit-tent |
| ab-er-ra-tion | re-la-xa-tion | sec-re-ta-ry |
| bel-li-ger-ent | in-de-pen-dence | ap-pre-cia-tion |
| al-ter-na-tive | e-ter-ni-ty | in-tel-li-gence |

| | | |
|---|---|---|
| te-le-vi-sion | ma-le-fi-cent | li-te-ra-ture |
| pre-po-si-tion | ve-ge-ta-ble | al-li-ga-tor |

**Five syllable words – পাঁচটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা**

| | | |
|---|---|---|
| in-ti-mi-da-ting | a-bo-mi-na-ble | ma-the-ma-ti-cal |
| il-lu-mi-na-tion | ge-ne-ro-si-ty | ab-ra-ca-da-bra |
| as-si-mi-la-tion | con-sci-en-tious-ness | cre-a-ti-vi-ty |
| el-ec-tri-ci-ty | hu-mi-li-a-tion | pro-pa-ga-tion-al |
| po-pu-la-ri-ty | si-mi-la-ri-ty | in-cre-du-li-ty |
| per-pen-di-cu-lar | un-be-lie-va-ble | u-ni-ver-si-ty |
| ob-li-ga-to-ry | ex-a-mi-na-tion | ap-pre-ci-a-tion |
| com-mu-ni-ca-tion | di-ag-no-sti-cian | op-por-tu-ni-ty |

**Six syllable words – ছটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা**

| | |
|---|---|
| In-vi-si-bi-li-ty | per-so-ni-fi-ca-tion |
| hu-ma-ni-ta-ri-an | be-au-ti-fi-ca-tion |
| ex-pe-ri-men-ta-tion | au-to-bi-og-ra-phy |
| re-vo-lu-tion-ar-y | in-vi-si-bi-li-ty |

**Seven syllable words – সাতটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা**

| | |
|---|---|
| ar-ti-fi-ci-a-li-ty | de-cri-mi-na-li-za-tion |
| con-cep-tu-a-li-za-tion | su-per-fi-ci-a-li-ty |
| in-fi-ni-te-si-mal-ly | ir-re-fu-ta-bi-li-ty |
| in-ter-co-lo-ni-zation | me-ga-lo-ma-ni-a-cal |
| ma-neu-ver-a-bi-li-ty | sen-ti-men-ta-li-sa-tion |
| in-dus-tri-a-li-za-tion | ar-te-ri-o-scle-ro-sis |
| dis-pro-por-tion-a-li-ty | o-ver-sim-pli-fi-ca-tion |

## পাঠ আরম্ভ 3. কিছু শব্দে ব্যঞ্জনবর্ণ উচ্চারণের কয়েকটি নিয়ম

| | |
|---|---|
| b উচ্চারিত হবে না | lamb, debt, dumb, numb, thumb, plumber |
| e, i, y-এর আগে c-এর উচ্চারণ হাল্কা স-এর মতো | cell, fence, peace, cite, cyst |
| a, o, u, r, l, t -এর আগের c-এর উচ্চারণ জোর দিয়ে k-র মতো | cape, cost, curd, crap, clock, fact |
| ch -এর উচ্চারণ k-র মতো | chord, choir, scheme, school |
| ch -এর উচ্চারণ চ-র মতো | chalk, chocolate, challenge |
| d উচ্চারিত হবে না | judge, grudge, pledge, badge |
| e, i, y-এর আগে g-এর উচ্চারণ হাল্কা j-এর মতো | germ, gem, ginger, George, gypsy |
| a, o, u, r, l -এর আগে ও শেষে g-এর উচ্চারণ জোর দিয়ে গ্-এর মতো | gape, gore, gust, groom, gloom, drag, fag, tag |
| n-এর আগে g উচ্চারিত হবে না | gnat, sign, feign, gnaw |
| g -এর পরে h-এর উচ্চারণ অবরুদ্ধ<br>f -এর মতো<br>গ্-এর মতো | fight, blight, caught<br>laugh, cough, tough<br>ghost, aghast |
| h উচ্চারিত হবে না | hour, heir, honour, honest |
| n-এর আগে k উচ্চারিত হবে না | knee, knife, know, knob, knit |
| l উচ্চারিত হবে না | talk, half, folk, balm, yolk, would |
| n -এর উচ্চারণ শুদ্ধ ন -এর মতো<br>n -এর উচ্চারণ ধ্বনিত ং -এর মতো | none, noon, nose, lent, spent, pint, pond<br>long, king, tank, pink, monk, sink |
| p -এর উচ্চারণ অবরুদ্ধ | tempt, prompt |
| p -এর পরে h -এর উচ্চারণ f-এর মতো | phase, phrase, phone, photo |
| s -এর উচ্চারণ z -এর মতো | nose, tease, ease, please, rise, praise |

| | |
|---|---|
| s- এর পরে h -এর উচ্চারণ শ-এর মতো | short, trash, flash, cash, flush |
| t উচ্চারিত হবে না | switch, match, thatch, catch, hatch |
| th -এর উচ্চারণ জোর না দিয়ে দ<br>th-এর উচ্চারণ জোর দিয়ে থ | that, bathe, breathe<br>thank, birth, thread, with, through |
| h-এর আগে w হ-এর মতো | what, where, when, which, while |
| r-এর আগে w উচ্চারিত হবে না | writ, wretch, wrinkle, wrap, wreath |
| শেষে -ture উচ্চারণ হবে -চার | nature, future, aperture, fixture |
| শেষে -tion উচ্চারণ হবে -শন | petition, competition, motion, lotion |
| শেষে -tiary উচ্চারণ হবে -শীয়ারি | tertiary, evidentiary, sententiary |

## পাঠ 1. কয়েকটা সাধারণ ইংরেজি শব্দ পরিচয়

প্রথমে অল্প কয়েকটা ইংরেজি শব্দ শিখব, যা দিয়ে চারপাশে যা কিছু আছে ও হয়, সেগুলোকে নির্দিষ্টভাবে বলতে পারব । পরে এই শব্দগুলো ব্যবহার করেই বাক্য তৈরি করা শিখব। শব্দগুলো এখন মোটামুটি চিনে নিয়ে বানান করে পড়তে ও বলতে পারলেই হবে। পরে বারবার বাক্যে ব্যবহার হবে, তখন আপনি শেখা হয়ে যাবে। তাই এখনই ঝরঝরে মুখস্থ করার দরকার নেই।

### 1.1 ব্যক্তি ও বস্তুকে বোঝাতে বলা হয়

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সংখ্যায় এক হলে | | | | | |
| I | আই* | আমি | me | মী | আমাকে |
| my | মাই* | আমার | **mine** | মাইন্ | আমার |
| you | ইউ | তুমি | you | ইউ | তোমাকে |
| your | ইয়র্ | তোমার | **yours** | ইয়র্স | তোমার |
| he | হি | ও (ছেলে) | she | শি | ও (মেয়ে) |
| him | হিম্ | ওকে (ছেলে) | her | হ্যর্ | ওকে, ওর (মেয়ে) |
| his | হিস্/z | ওর (ছেলে) | **hers** | হ্যর্স | ওর, (মেয়ে) |
| this | দিস্ | এই, একে | it | ইট্ | এইটা, এইটাকে |
| that | দ্যাট্ | ওই, ওইটা | its | ইট্স | এইটার, |
| সংখ্যায় একের বেশি হলে | | | | | |
| we | উয়ি | আমরা | our | আওয়র্ | আমাদের |
| us | আস্ | আমাদেরকে | **ours** | আওয়র্স | আমাদের |
| you | ইউ | তোমরা | you | ইউ | তোমাদেরকে |
| your | ইয়র্ | তোমাদের | **yours** | ইয়র্স | তোমাদের |
| they | দে | ওরা | their | দেয়্যর্ | ওদের |
| them | দেম্ | ওদেরকে | **theirs** | দেয়্যর্স | ওদের |
| these | দীইস্/z | এইগুলো | those | দোওস্/z | ওইগুলো |

মনে রাখো:

1. *আই ও মাই-এর উচ্চারণ অনেকটা আয় ও মায়-এর মতো হবে।
2. I-এর অর্থ বলা হয়েছে আমি। কিন্তু কোনও কোনও ইংরেজি বাক্যে I-এর অর্থ বাংলায় হয়ে যেতে পারে আমার, বা আমাকে । একইভাবে he/she-এর অর্থ হতে পারে ওর, বা ওকে।

3. You (তুমি তোমরা, তোমাকে তোমাদেরকে) Your (তোমার তোমাদের) একজন বা একের বেশি হলেও একই শব্দ ব্যবহার হচ্ছে।
4. অর্থ একই কিন্তু বাক্যে ব্যবহারে পার্থক্য হয় – my mine, your yours, her hers, our ours, their theirs। সাধারণত, mine, yours, hers, ours, theirs ব্যবহার হবে বাক্যের শেষে। পার্থক্য লক্ষ করো – It is my book (এটা আমার বই) ও This book is mine (এই বইটা আমার)। His-য়ের ক্ষেত্রে এরকম আরেকটা শব্দ হয় না। it its-কে এর সাথে গুলিয়ে ফেলো না। its-য়ের ব্যবহার কিন্তু আলাদা।
5. it ব্যবহার হয় কোনো কিছুকে this দিয়ে বলার পর, পরের বাক্যে আবার তার উল্লেখ করতে। আর its ব্যবহার হয় কোনো কিছুর গুণাবলী বিষয়ে কিছু বলতে। পরে দেখবে আরেকটি ব্যবহারে বোঝায় কোনো অবস্থা, যেমন, It is raining ।

লক্ষ করো:

1. কোনও কোনও শব্দের উচ্চারণে বাংলার স-এর পরে বা জ-এর বদলে /z দিয়ে বোঝানো হয়েছে, উচ্চারণ হবে z-এর মতো।

## 1.2 প্রশ্ন করতে বলা হয়

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| what | হোয়ট্ | কি | who | হু | কে | where | হোয়্যার্ | কোথায় |
| whose | হুস্/z | কার | which | হুয়িচ্ | কোন্টা | when | হোয়েন্ | কখন |
| how | হাও | কীভাবে | whom | হুম্ | কাকে | why | হোয়াই | কেন |

মনে রাখো: অনেক সময় wh-এর ‘হ’ উচ্চারিত হয় না।

## 1.3 অবস্থান (কোথায়) বোঝাতে বলা হয়

| | | | | | |
|---|---|---|---|---|---|
| here | there | now | then | up | down |
| হিয়্যর্ | দেয়্যর্ | নাও | দেন্ | আপ্ | ডাউন্ |
| এখানে | ওখানে | এখন | তখন | উপরে | নিচে |

মনে রাখো:

there শব্দটি অন্য একটা অর্থেও ব্যবহার হয়–অনির্দিষ্টভাবে কোনো কিছু আছে, ছিল, বা থাকবে বোঝাতে। বাক্যে এই ধরনের ব্যবহার আমরা পরে দেখব। লক্ষ্য করো: আগের their আর এই there-এর পার্থক্য।

## 1.4 কয়েকটা সাধারণ বস্তুর ইংরেজি নাম (যার সংখ্যা গোনা যায়)

| একটা হলে | | | একের বেশী হলে | | |
|---|---|---|---|---|---|
| name | নেম্ | নাম | names | নেম্সz | নামগুলো |
| book | বুক্ | বই | books | বুক্স | বইগুলো |
| pencil | পেন্সিল্ | পেনসিল | pencils | পেন্সিল্স | পেনসিলগুলো |
| bag | ব্যাগ্ | ব্যাগ্ | bags | ব্যাগ্স | ব্যাগগুলো |
| table | টেবল্ | টেবিল | tables | টেবল্স | টেবিলগুলো |
| chair | চেয়র্ | চেয়ার | chairs | চেয়র্স | চেয়ারগুলো |
| village | ভিলেজ্ | গ্রাম | villages | ভিলেজস্ | গ্রামগুলো |
| school | স্কুল্ | ইস্কুল | schools | স্কুল্স | ইস্কুলগুলো |
| house | হাউস্ | বাড়ি | houses | হাউসেস্z | বাড়িগুলো |
| girl | গ্যর্ল | মেয়ে | girls | গ্যর্লস্ | মেয়েরা |
| boy | বয় | ছেলে | boys | বয়স্z | ছেলেরা |
| teacher | টিচ্যর্ | শিক্ষক | teachers | টিচ্যর্স | শিক্ষকরা |
| student | স্টুডন্ট | ছাত্র | students | স্টুডন্টস | ছাত্ররা |
| story | স্ট্যরী | গল্প | stories | স্ট্যরীস্z | গল্পগুলি |
| elephant | এলিফ্যন্ট | হাতি | elephants | এলিফ্যন্টস | হাতিগুলো |
| dog | ডগ্ | কুকুর | dogs | ডগ্সz | কুকুরগুলো |
| cat | ক্যাট্ | বিড়াল | cats | ক্যাট্স | বিড়ালগুলো |
| bird | ব্যর্ড | পাখি | birds | ব্যর্ডস্ | পাখিগুলো |
| road | রোড্ | রাস্তা | roads | রোড্সz | রাস্তাগুলো |
| biscuit | বিস্কিট | বিস্কুট | biscuits | বিস্কিটস্ | বিস্কুটগুলো |
| tree | ট্রী | গাছ | trees | ট্রীস্z | গাছগুলো |
| flower | ফ্লাওয়র্ | ফুল | flowers | ফ্লাওয়র্সz | ফুলগুলো |
| ball | বল্ | বল্ | balls | বল্সz | বলগুলো |
| leaf | লীফ্ | পাতা | leaves | লীভ্সz | পাতাগুলো |

মনে রাখো: সংখ্যায় একের বেশী হলে শব্দটির শেষে সাধারণত -s বা -es যোগ হয়। আরো কিছু অন্য রকমও হয়। অন্যান্য রকমগুলি পরে দেখানো হবে।

### 1.5 কয়েকটা বিশেষ বস্তু ও বিষয়ের ইংরেজি নাম (যার সংখ্যা হয় না)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| water | ওয়ট্যর্ | জল | light | লাইট্ | আলো |
| sky | স্কায় | আকাশ | Sun | সান্ | সূর্য |
| Moon | মূন্ | চাঁদ | football | ফুট্বল্ | খেলার নাম |
| rice | রাইস্ | চাল (ভাত) | fever | ফীভর্ | জ্বর |
| Bengali | বেঙ্গলি | বাংলা ভাষা | English | ইংলিশ্ | ইংরেজি ভাষা |

মনে রাখো: এই ধরনের বস্তু বা বিষয় হলে -s বা -es যোগ দিতে হয় না।

### 1.6. কোনোকিছুর একটাকে বলতে a বা an, আর বিশেষকে বলতে the

| | | | |
|---|---|---|---|
| বস্তু বা বিষয়ের ধরনটা | book<br>বুক্ | dog<br>ডগ্ | elephant<br>এলিফ্যন্ট |
| যাবতীয়কে বলা হবে (যার সংখ্যা হয়) | books<br>বুক্স | dogs<br>ডগ্সz | elephants<br>এলিফ্যন্টস |
| যেকোনো একটাকে বলা হবে | a book<br>অ্য বুক্ | a dog<br>অ্য ডগ্ | an elephant<br>অ্যান এলিফ্যন্ট |
| বিশেষ একটাকে নির্দিষ্ট বলা হবে | the book<br>দ্য বুক্ | the dog<br>দ্য ডগ্ | the elephant<br>দি এলিফ্যন্ট |
| বিশেষ একদলকে নির্দিষ্ট (একাধিক) করে বলা হবে | The books<br>দ্য বুক্স | the dogs<br>দ্য ডগস্ | the elephants<br>দি এলিফ্যন্ট |

1. সংখ্যায় গোনা যায় এমন কিছুকে বলব একাধিক হিসাবে নামের শেষে -s বা -es যোগ করে, যেমন, books, dogs, cats, no dogs, no cats। কিন্তু যদি ওই বস্তুর কোনো একটিকে বলতে চাই, আগে a বা an বলব, আর শেষে এই -s বা -es যোগ হবে না, যেমন a book, a dog, an elephant। বিশেষ একটিকে বলতে আগে the বলব, যেমন the book, the dog, the cat। কোনো একদল বা একাধিককে বিশেষভাবে নির্দিষ্ট করতেও আগে the বসাতে হবে, the dogs। সংখ্যা হয় না এমন কিছুর আগেও the বসবে তার কিছুকে নির্দিষ্ট করে বলতে, যেমন, The water here is not good. The air is polluted.

2. a-র ঠিক পরের নাম শব্দটির প্রথমে a, e, i, o, বা u-য়ের ধ্বনি থাকলে a-র বদলে হবে an, আর the-র উচ্চারণ হবে 'দি' ।
3. কোনোকিছুকে সমষ্টিগতভাবে বলতে নামের শেষে -s বা -es বসবে না, যেমন, fish। কিন্তু একাধিক সংখ্যা বলতে -s বা -es যোগ হবে যেমন, ten fishes।
4. অনির্দিষ্টভাবেও the-এর প্রয়োগ হয়, বস্তুগুলির এক কাল্পনিক প্রতিভূকে নির্দেশ করতে, যেমন, The dog is an animal.। নামের আগে the হয়না। কিন্তু বিশেষত্ব বা বড় কিছু বোঝাতে the বসানো হয়, যেমন, the sky, the Sun, the Moon, the Himalayas, the President, the Prime Minister।

## 1.7 অনুরোধ করতে, এবং হ্যাঁ ও না বলতে ব্যবহার হয়

| | | | |
|---|---|---|---|
| please প্লীস্z<br>অনুরোধ | yes ইয়েস্<br>হ্যাঁ | no নো<br>না, নেই | not নট্<br>নয় |

## 1.8 শব্দ জুড়ে অর্থ তৈরি করা

| | | | |
|---|---|---|---|
| this book<br>এই বইটা | that book<br>ওই বইটা | my book<br>আমার বই | your book<br>তোমার বই |
| his pencil<br>ওর পেনসিল | her pencil<br>ওর পেনসিল | that pencil<br>ওই পেনসিলটা | this pencil<br>এই পেনসিলটা |
| that house<br>ওই বাড়িটা | this house<br>এই বাড়িটা | your house<br>তোমার বাড়ি | my house<br>আমার বাড়ি |
| his school<br>ওর ইস্কুল | her school<br>ওর ইস্কুল | their school<br>ওদের ইস্কুল | our school<br>আমাদের ইস্কুল |
| my name<br>আমার নাম | your name<br>তোমার নাম | his name<br>ওর নাম | her name<br>ওর নাম |
| these trees<br>এই গাছগুলো | those trees<br>ওই গাছগুলো | these flowers<br>এই ফুলগুলো | those flowers<br>ওই ফুলগুলো |
| those boys<br>ওই ছেলেগুলো | these girls<br>এই মেয়েগুলো | those chairs<br>ওই চেয়ারগুলো | these books<br>এই বইগুলো |
| that dog<br>ওই কুকুরটা | this dog<br>এই কুকুরটা | their village<br>ওদের গ্রাম | their house<br>ওদের বাড়ি |

| | | | |
|---|---|---|---|
| our teacher<br>আমাদের শিক্ষক | their teacher<br>ওদের শিক্ষক | his teacher<br>ওর শিক্ষক | her teacher<br>ওর শিক্ষক |

### 1.9 a, the, ও no, not ব্যবহার

| | | | |
|---|---|---|---|
| a pencil<br>একটা পেনসিল | the pencil<br>পেনসিলটা | two pencils<br>দুটো পেনসিল | three pencils<br>তিনটে পেনসিল |
| that pencil<br>ওই পেনসিলটা | this pencil<br>এই পেনসিলটা | these pencils<br>এই পেনসিলগুলো | those three pencils<br>ওই তিনটে পেনসিল |
| books<br>বই | One book<br>একটা বই | two books<br>দুটো বই | three books<br>তিনটে বই |
| a book<br>একটা বই | the book<br>বইটা | these two books<br>এই বই দুটো | those two books<br>ওই বই দুটো |
| **no** books<br>বই নেই | **not the** book<br>বইটা নয় | not that book<br>ওই বইটা নয় | not these books<br>ওই বইগুলো নয় |
| **no** flowers<br>ফুল নেই | **a** flower<br>একটা ফুল | one flower<br>একটা ফুল | two flowers<br>দুটো ফুল |
| the flower<br>ফুলটা | that flower<br>ওই ফুলটা | these flowers<br>এই ফুলগুলো | those flowers<br>ওই ফুলগুলো |

### 1.10 কুড়ি পর্যন্ত ইংরেজি সংখ্যা

| | | | | |
|---|---|---|---|---|
| one<br>ওয়ান | two<br>টু | three<br>থ্রী | four<br>ফোর্ | five<br>ফাইভ |
| six<br>সিক্স | seven<br>সেভেন | eight<br>এইট | nine<br>নাইন | ten<br>টেন |
| eleven<br>ইলেভেন | twelve<br>টুয়েল্ভ | thirteen<br>থার্টীন | fourteen<br>ফোর্টীন | fifteen<br>ফিফ্টীন |

| | | | | |
|---|---|---|---|---|
| sixteen<br>সিক্সটীন | seventeen<br>সেভেন্‌টীন | eighteen<br>এইটীন | nineteen<br>নাইনটীন | twenty<br>টোয়েন্‌টি |

**1.11 সপ্তাহের দিনগুলোর ইংরেজি নাম**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Sun<br>day<br>সানডে | Mon<br>day<br>মান্‌ডে | Tues<br>day<br>টিউস্‌ডে | Wednes<br>day<br>ওয়েড্‌নেস্‌ডে | Thurs<br>day<br>থার্‌স্‌ডে | Fri<br>day<br>ফ্রাইডে | Satur<br>day<br>স্যাটার্‌ডে |
| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |

**1.12 বছরের মাসগুলোর ইংরেজি নাম**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| January<br>জানুয়ারি | February<br>ফেব্রুয়ারি | March<br>মার্চ | April<br>এপ্রিল | May<br>মে | June<br>জুন |
| July<br>জুলাই | August<br>অগাস্ট | September<br>সেপ্টেম্বর | October<br>অক্টোবর | November<br>নভেম্বর | December<br>ডিসেম্বর |

**1.13 শরীরের কয়েকটা অঙ্গের নাম**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| body<br>বডি<br>শরীর | hair<br>হ্যার<br>চুল | head<br>হ্যেড<br>মাথা | forehead<br>fরহ্যেড<br>কপাল | eyes<br>আইz<br>চোখ | nose<br>নোz<br>নাক |
| eyebrows<br>আইব্রাওs<br>ভ্রূ | cheeks<br>চীক্‌s<br>গাল | wrists<br>রিস্‌টs<br>কব্‌জি | knees<br>নীz<br>হাটু | ears<br>ইয়র্‌স<br>কান | jaw<br>জ<br>চোয়াল |
| nostrils<br>নসট্রিল্‌z<br>নাকের<br>ফুটো | lips<br>লিপ্‌s<br>ঠোঁট | teeth<br>টীথ,<br>দাঁতের পাটি | tongue<br>টাং<br>জিভ | chin<br>চিন<br>থুত্‌নি | neck<br>ন্যেক<br>গলা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| chest<br>চেস্‌ট বুক | arms<br>আর্মz<br>হাতের ডানা | elbows<br>এ্যলবোz<br>কনুই | palms<br>পামz<br>হাতের তালু | nails<br>নেল্‌z<br>নখ | fingers<br>ফিঙ্গ্যর্‌z<br>আঙুল |
| abdomen<br>অ্যাব্‌ডোমেন<br>পেট | waist<br>ওয়েস্ট<br>কোমর | hip<br>হিপ<br>পাছা | legs<br>ল্যেগz<br>পা | ankles<br>অ্যাঙ্কল্‌z<br>গোড়ালি | feet<br>ফীট<br>পায়ের পাতা |
| toes<br>টোz পায়ের আঙুল | face<br>ফেস্‌<br>মুখ | mouth<br>মাউথ<br>খাওয়া/কথা বলার মুখ | | | |

## পাঠ 2. বাক্যে বলা – আশেপাশে এখন যা আছে

আমাদের আশেপাশে আছে মানুষজন (ব্যক্তি), জিনিসপত্র (বস্তু), ধরা-ছোঁয়া যায় না এমন কিছু (বিষয়), যেমন আলো, হাওয়া, সকাল, আকাশ, মেঘ, রোদ ইত্যাদি। আমরা কী করে ইংরেজি বাক্যে এগুলোকে বলব – এখন (বর্তমানে) যা কিছু আছে তার কোন্‌টা কী, কোথায় আছে বলব, আর এই নিয়ে প্রশ্ন ও উত্তর করব। এই ধরনের বাক্য হল এখন (বর্তমান কালে) আমাদের চারপাশে যা কিছু আছে তার বর্ণনা ও অবস্থান নির্দিষ্ট করে বলার বাক্য। এই বাক্যগুলো গঠন করতে আমাদের আরও কয়েকটা শব্দ লাগবে, যেগুলো হল সহায়ক শব্দ (Auxiliary verb)।

### 2.1 এখন যা আছে বলতে ব্যবহার হয় am, is ও are

| | | | | | |
|---|---|---|---|---|---|
| I | am<br>অ্যাম্ | you | are<br>আর্ | he<br>বা she | is<br>ইস্z |
| it | is<br>ইস্z | this | is<br>ইস্z | that | is<br>ইস্z |
| we | are<br>আর্ | these | are<br>আর্ | those | are<br>আর্ |
| they | are<br>আর্ | there<br>(একটা হলে) | is<br>ইস্z | there<br>(একের বেশি হলে) | are<br>আর্ |

মনে রাখো:

1. am, are, is, শব্দগুলোর কোনও আলাদা অর্থ নেই। এগুলি যেকোনও ব্যক্তি বা বস্তুর সঙ্গে বলা হয় বাক্য গঠনে তার কাজ বা অবস্থার কথা বলতে। ইংরেজি বাক্যে এই বিশেষ শব্দগুলির ব্যবহার করা হয় ব্যক্তি, বস্তু বা বিষয়কে বাক্য গঠনে যুক্ত করে বাক্যটির অর্থ তৈরি করতে।
2. is-এর সঠিক উচ্চারণ হবে ইস বা ইজ নয়, ইz।
3. এখানে there কোনও নির্দিষ্ট স্থান নির্দেশ করে না। ইংরেজি বাক্যে এই there-এর প্রয়োগ নির্দিষ্ট কোনও অর্থে হয় না। বাংলায় এর অর্থ (কোথাও, কোথাও আছে) ঠিক হয় না। এক কথায়, এটি অনির্দিষ্ট স্থান বোঝায়।

### এই বাক্যগুলির গঠন কাঠামো

বাক্যের প্রথমে বসবে যেটাকে নির্দিষ্ট করা হয়েছে ও তারপরে বসবে am, is বা are। এরপর থাকবে বর্ণনাটা। এই দুটো অংশকে জুড়বে am, is বা are।

This is a book.  It is my book.  This book is mine.
That is a pencil.  That pencil is yours.  This is your book.

এইভাবে ইংরেজি বাক্য তৈরি করার উদাহরণ –

**2.2 am, is ও are দিয়ে বাক্যের গঠন**

| | | | | |
|---|---|---|---|---|
| This | | is | a | book |
| এটা | | | একটি | বই |
| That | | is | a | pencil |
| ওটা | | | একটি | পেনসিল |
| Those | | are | | trees |
| ওইগুলো | | | | গাছ |
| I | | am | a | student |
| আমি | | | একটি | ছাত্র |
| His | name | is | | Rajesh |
| ওর | নাম | | | রাজেশ |
| They | | are | | students |
| ওরা | | | | ছাত্র |
| He | | is | a | student |
| ও | | | একটি | ছাত্র |
| That | house | is | | ours |
| ওই | বাড়িটি | | | আমাদের |
| That | | is | a | dog |
| ওটা | | | একটি | কুকুর |
| That | | is | the | dog |
| ওটা | | | সেই | কুকুরটি |
| This | | is | his | book |
| এটা | | | ওর | বই |
| That | | is | the | book |
| ওটা | | | সেই | বইটা |

| | | | | |
|---|---|---|---|---|
| There<br>(কোথাও | <br>আছে) | is | a<br>একটি | village<br>গ্রাম |
| That<br>ওটা | | is | the<br>সেই | village<br>গ্রামটি |
| These<br>এই | books<br>বইগুলি | are | | ours<br>আমাদের |
| Those<br>ওই | books<br>বইগুলি | are | | yours<br>তোমাদের |
| This<br>এই | pencil<br>পেনসিলটি | is | | yours<br>তোমার |
| That<br>ওই | pencil<br>পেনসিলটি | is | | mine<br>আমার |

লক্ষ করো: am, is ও are-এর নিচে কোনও অর্থ লেখা হয়নি।

## 2.3 বর্তমান ব্যক্তি ও বস্তুর কোন্‌টা কী বলা

I am Ram.
You are a student.
She is a girl.
You are Shyam.
He is a student.
This is a tree.
This is a dog.
It is a house.
This is the village.
That is a tree.
We are boys.
These are balls.
These are bags.

I am a boy.
He is Rajesh.
She is the teacher.
You are a boy.
She is Sita.
It is a mangoe tree.
It is a pencil.
That is a school.
That is a road.
We are students.
They are girls.
That is a ball.
These are chairs.

I am a student.
He is a boy.
This is a flower.
This is a book.
This is a cat.
It is a book.
This is an elephant.
That is a village.
This is the road.
They are students.
These are pencils.
This is a table.
Those are tables.

| | | |
|---|---|---|
| These are dogs. | Those are cats. | These are houses. |
| This is your pencil. | That is her bag. | These are his books. |
| These are trees. | These are our bags. | Those are their bags. |
| That is a bird. | Those are birds. | This is a flower. |
| Those are flowers. | Those are houses. | This is my house. |
| Those are your books. | That is a dog. | That is the dog. |
| She is the girl. | That is the Sun. | That is the Moon. |
| That his her dog. | He is the boy. | That is the elephant. |
| This is a biscuit. | Those are biscuits. | Those are leaves. |
| My name is Ram. | Your name is Shyam. | Her name is Sita. |
| This is the book. | It is mine. | This book is yours. |
| | This is my book. | This is your book. |
| This book is hers. | This book is ours. | Those are theirs. |
| This is her book. | This is his book. | These balls are theirs. |
| This ball is ours. | That ball is yours. | This school is theirs. |
| This is our ball. | That is your ball. | This is their school. |
| This bag is hers. | That house is ours. | That school is yours. |
| This is her bag. | That is our house. | That is your school. |
| There are **two** boys. | There are two boys **and five** girls. | There are two boys and five girls. |
| There are two girls and a boy. | There is a boy and a girl. | There is a boy and two girls. |

That is Ram. That is his school.

There are two boys, Ram and Shyam.

There are two girls, Sita and Mita.

There is an elephant and a cat.

There are two cats and a dog.

There is a cat and two dogs.

There is a teacher and five students.

There is a boy. This is his school. That is his village.

His house is **there**. There is a village. The school is **there**.

মনে রাখো:

1. ইংরেজি বাক্য লেখার সময় প্রথম শব্দটির প্রথম বর্ণটি বড় হাতের (ক্যাপিটাল) হবে। বাক্যটি শেষ হলে (.) ফুলস্টপ দিতে হবে। বাক্যের মধ্যে একটু থেমে পড়া বোঝাতে কমা (,) চিহ্নের ব্যবহার লক্ষ করো।
2. নামের প্রথম বর্ণ সর্বদা বড় হাতের (ক্যাপিটাল) হবে, যেমন – Raj, Mita.
3. a ও the -এর ব্যবহার লক্ষ করো।
4. me, him, us, them-এর ও you, your, her-এর অন্য আরেক রকম ব্যবহার হয় । উদাহরণ পরে দেওয়া হবে।
5. শেষের বাক্যগুলোতে there শব্দটির ব্যবহার লক্ষ করো। বাক্যের প্রথমে There-টির অর্থ কিন্তু কোনও নির্দিষ্ট স্থান (বা ওখানে) নয় – যেমন, একটি গ্রাম আছে, বললে কোথায় বা কবে বোঝানো হয় না । শেষের there কিন্তু ব্যবহার হয়েছে ওই গ্রামে বা ওখানে বোঝাতে।
6. লক্ষ করো কখন There is হয় আর কখন There are হয় – ঠিক পরের শব্দটি কত পরিমাণ বোঝাচ্ছে, তার সংখ্যা এক না একের বেশি, সেই অনুযায়ী।
7. নতুন শব্দ: and-এর ব্যবহার লক্ষ করো, and (অ্যান্ড)-এর অর্থ হল এবং; two (টু) দুই, five (ফাইভ) পাঁচ, হল ইংরেজিতে অঙ্কের সংখ্যা।

## কোন্‌টা কী প্রশ্ন করা ও উত্তর দেওয়া

এবার শিখব প্রশ্ন করার বাক্য – যেমন, এটা কি বই? এটা কি তোমার বই? ওটা কি গাছ? ইংরেজি বাক্যে এমন সব প্রশ্ন করতে am, is বা are-কে বাক্যের আরম্ভেই বসাতে হবে। বাক্যের সামনে am, is ও are বসলে বাক্যে ‘কি’ প্রশ্নটা আসে ও বাক্যটা প্রশ্নসূচক হয়ে শেষে প্রশ্ন চিহ্ন বসে। সামনে এনে am, is বা are-কে বসালে বাক্যের গঠনটি কীভাবে পাল্টায় লক্ষ করতে হবে –

This <u>is</u> a book. <u>Is</u> this a book?    This <u>is</u> a tree. <u>Is</u> this a tree?

প্রশ্নসূচক বাক্যের প্রথম অংশটা নিচে দেখানো হল। বাকি অংশ পরে থাকে –

## 2.4 প্রশ্নসূচক বাক্যের প্রথম অংশ

| | | | |
|---|---|---|---|
| Is this | এটা কি | Is it | এটা কি |
| Is that | ওটা কি | Are these | এইগুলো কি |
| Are those | ওইগুলো কি | Am I | আমি কি |
| Are you | তুমি/তোমরা কি | Is he | ও কি |
| Is she | ও কি | Are they | ওরা কি |
| Are we | আমরা কি | Is Ram | রাম কি |

এই ধরনের প্রশ্নের উত্তর 'হ্যাঁ' অথবা 'না' দিয়ে হয়। 'হ্যাঁ' অথবা 'না'-এর পরে কমা (,) চিহ্ন দিয়ে পুরো বাক্যে প্রশ্নের মূল কথাটির পুনরাবৃত্তি করা হয়। প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' অথবা 'না'-এর পর এই পুনরাবৃত্তিটি হলে তবেই কমা চিহ্ন (,) হবে । তা না হলে, অন্য কোনও বিপরীত কথা বললে, 'হ্যাঁ' অথবা 'না'-এর পরে ফুলস্টপ (.) চিহ্ন দিয়ে অন্য বাক্যটি বলা হবে।

প্রশ্নের উত্তরে শুধুমাত্র 'না' বলা হয় no দিয়ে। কিন্তু তারপরের বাক্যে no উত্তরটার ব্যাখ্যায় no এবং not দুটোই হয় । কখন no এবং কখন not বসবে সেটা জেনে রাখতে হবে। <u>সাধারণভাবে উল্লেখ করা</u> কোনও বস্তু, বা বিষয়ের না থাকা (নেই) বলতে no হবে। <u>বিশেষভাবে বা সংখ্যা দিয়ে নির্দিষ্ট করা</u> কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়ের না থাকা বা না হওয়া (নয়) বোঝাতে not হবে। একইভাবে **কোনও কথার উল্টোটা বলতেও no এবং not** ব্যবহার হতে পারে।

This is a book. -এর উল্টো হল This is not a book. আর
There are books. -এর উল্টো হল There are no books.

## 2.5 প্রশ্নের উত্তরে বাক্যে কখন no এবং কখন not হয়

| <u>নেই</u> | <u>নয়</u> | <u>নয়</u> | <u>নয়</u> |
|---|---|---|---|
| no books | not books | not a book | not the book |
| no dogs | not dogs | not a dog | not the dog |
| no students | not students | not a student | not the student |
| no houses | not houses | not a house | not the house |
| no pencils | not pencils | not a pencil | not the pencil |
| no chairs | not chairs | not a chair | not the chair |

| | | | |
|---|---|---|---|
| no teachers | not teachers | not a teacher | not the teacher |
| | not my | not mine | not your |
| | not yours | not her | not hers |
| | not his | not their | not theirs |
| | not ours | not Ram | not Shyam |
| | not this | not that | not there |
| | not here | not now | not then |

### 2.6 ব্যক্তি ও বস্তুর কোন্‌টা কী প্রশ্ন ও উত্তর

| প্রশ্ন | উত্তর (যা দুই রকমের হতে পারে) |
|---|---|
| Am I your student? | Yes, you are my student. |
| | No, you are not my student. |
| Are you Shyam? | Yes, I am Shyam. |
| | No, I am not Shyam. |
| Are you a teacher? | Yes, I am a teacher. |
| | No, I am not a teacher. |
| Are you a student? | Yes, I am a student. |
| | No, I am not a student. |
| Is he Rajesh? | Yes, he is Rajesh. |
| | No, he is not Rajesh. |
| Is his name Rajesh? | Yes, his name is Rajesh. |
| | No, his name is not Rajesh. |

Is he a student?
Is she Sita?
Is she a student?
Is this a book?
Is that a cat?
Is this a dog?
Is that an elephant?
Is this the elephant?

| | |
|---|---|
| Is he the boy? | |
| Are they students? | Yes, they are students. |
| | No, they are not students. |
| Are these pencils? | Yes, these are pencils. |
| | No, these are not pencils. |
| Are we your students? | |
| Are they your students? | |
| Are these flowers? | |
| Are these books? | |
| Are those flowers? | |
| Are those books? | |
| Are those trees? | |
| Are those cats? | |
| Is it a book? | |
| Is it a pencil? | |
| Is it a house? | |
| Is that the Moon? | |
| Is that the Sun? | |
| Is that the tree? | |
| Is it my book? | Yes, it is your book. |
| | No, it is not your book. |
| Is it your book? | |
| Is it her pencil? | |
| Is it his bag? | |
| Is this his dog? | |
| Is this their house? | |
| Is this dog yours? | Yes, this dog is mine. |
| | No, this dog is not mine. |
| Is this your book? | Yes, this is my book. |
| | No, this is not my book. |

Is this her chair?
Is that a tree?
Is that a flower?
Is that a dog?
Is that our house?
Is that your school?
Is that their school?
Is that ball ours?
Is this bag hers?

| | |
|---|---|
| Is that school yours? | Yes, that is our school. |
| | No, that is not our school. |
| Is that school theirs? | Yes, that is their school. |
| | No, that is not their school. |
| Is there an elephant here? | Yes, there is an elephant here.<br>No, there are **no elephants** here. |
| Are there elephants here? | Yes, there are elephants here.<br>No, there are no elephants here. |
| Is there a dog here? | Yes, there is a dog here.<br>No, there are **no dogs** here. |
| Are there dogs here? | Yes, there are dogs here.<br>No, there are no dogs here. |

মনে রাখো:

1. কমা চিহ্ন (,) থাকে যখন বাক্যটা চলছে। তাই কমা চিহ্নের পরের শব্দে বড় হাতের বর্ণ লাগে না।
2. কথা বলার সময় প্রশ্নের উত্তরে বাক্যের শেষে ওই বিশেষ বস্তু বা বিষয়টা পুনরায় উল্লেখ না করলেও হয়, যেমন, Are you a student? – এর উত্তরে Yes, I am. বা No, I am not.বললেই চলে।
3. লক্ষ করো, শেষ দুটি বাক্যে there শব্দটির ব্যবহার।
4. বুঝে নাও, no dog, no elephant বলাটা ভুল; no dogs, no elephants, হল ঠিক।

## 2.7 প্রশ্ন ও উত্তরে জোর দিতে not ব্যবহার

| প্রশ্ন | উত্তর (যা দুই রকমের হতে পারে) |
|---|---|
| Am I not your student? | No, you are not my student.<br>Yes, you are my student. |
| Am I not a teacher? | |
| Are you not Shyam? | |
| Are you not the boy? | |
| Are you not a student? | |
| Is he not a student? | |
| Are they not students? | |
| Is she not Sita? | |
| Is he not a teacher? | No, he is not a teacher.<br>Yes, he is a teacher. |
| Is this not the book? | |
| Is this not a dog? | No, it is not a dog.<br>Yes, it is a dog. |
| Is this not the elephant? | |
| Is he not the boy? | |
| Is this not his house? | |
| Is that not a bird? | |
| Is that not the road? | |
| Is it not a house? | |
| Are these not pencils? | |
| Are these not flowers? | |
| Is this not his ball? | |
| Is that not your house? | |
| Are those not cats? | |
| Is that not our ball? | |
| Is that not her school? | No, that is not her school.<br>Yes, that is her school. |
| Is that ball not ours? | No, that ball is not ours.<br>Yes, that ball is ours. |
| Is this school not hers? | No, this school is not hers.<br>Yes, this school is hers. |

Are those houses not theirs?
Is that school not ours?
Are these five pencils not hers?

মনে রাখো:

1. কথা বলার সময় প্রশ্নে 'are you not' হয়ে যায় 'aren't you', 'am I not' হয়ে যায় 'aren't I', 'is he not' হয়ে যায় 'isn't he'।
2. এই ধরনের (not দিয়ে নেতিবাচক) প্রশ্নের উত্তর শুধু Yes, No দিয়ে করলে বিভ্রান্তিকর হয়। তাই Yes, No বলার পরে বক্তব্যটাও স্পষ্ট করে বলতে হয় ।

**What, Where, Who, Which, Whose, ইত্যাদি দিয়ে প্রশ্ন**

ব্যক্তি ও বস্তুর অবস্থাকে জানতে প্রশ্নে এই শব্দগুলি সর্বদা বাক্যের প্রথমে বসে। তারপর আসে am, is, are। অন্য রকম হয় whose-এর ক্ষেত্রে। যা নিয়ে প্রশ্ন,, whose শব্দটির ঠিক পরে তাকে বলা হয়।

**2.8 ব্যক্তি ও বস্তুর কোনটা কী, কে, কার, কোথায় ইত্যাদি প্রশ্ন ও উত্তর**

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| What is your name? | My name is Sudip. |
| Who are you? | I am Ram. |
| What is this? | This is a book. |
| What are these? | These are pencils. |
| What are those? | Those are chairs. |
| What is that? | That is a tree. |
| What is his name? | His name is Ram. |
| Where are you? | I am here. |
| Who is he? | He is Shyam. |
| Who are they? | They are students. |
| Where is the book? | The book is **on** the table. |
| Where is he? | He is there. |
| Where are the birds? | The birds are **in** the sky. |
| Where is the cat? | The cat is in the tree. |
| Where are your books? | My books are in that bag. |

| | |
|---|---|
| Where is your bag? | The bag is on my chair. |
| Where is his book? | His book is in his bag. |
| Where is your house? | My house is in a village. |
| Which is your house? | That is my house. |
| **Whose book** is this? | It is my book. |
| **Whose name** is Ram? | My name is Ram. |
| Whose house is that? | That is their house. |
| Whose bag is this? | This is my bag. |
| Which are your books? | Those are my books. |
| Which is his house? | That is his house. |
| Which are their bags? | These are their bags. |
| Which is her pencil? | That is her pencil. |

.মনে রাখো:

1. নতুন শব্দের অর্থ ও ব্যবহার লক্ষ করো। টেবিলে থাকা বা রাখা বোঝাতে on (অন্) শব্দটির ব্যবহার হয়েছে আর ব্যাগের মধ্যে বোঝাতে in (ইন্) বলা হয়েছে।
2. Whose book বা Whose name প্রশ্নের ক্ষেত্রে নিয়মটি লক্ষ করো। যা নিয়ে প্রশ্ন, বই বা নাম নিয়ে, তা Whose শব্দটির ঠিক পরে বলা হচ্ছে।
3. How, আর When দিয়ে প্রশ্ন করা পরে দেখানো হবে।

## পাঠ 3. বাক্যে বলা – এখন যে কাজ হয় বা ঘটে

চারপাশে যা দেখছি, সেগুলো কিছু না কিছু কাজ (ক্রিয়া) করে – নড়ে, চলে, দেয়, নেয়, বলে, শোনে, খায়, ওঠে, বসে, এমন কত কী। এইসব হওয়া বা ঘটাকে কী করে বলব? এর জন্য আমাদের চাই আরো কিছু নতুন শব্দ যেগুলি এক একটা কাজ হওয়াকে বোঝায় (Verb)। এই ধরনের কিছু শব্দ শিখব।

### 3.1 কয়েকটা কাজের ইংরেজি শব্দ

| | | |
|---|---|---|
| give গিভ্<br>দেওয়া | take টেইক্<br>নেওয়া | sit সিট্<br>বসা |
| stand স্ট্যান্ড<br>দাঁড়ানো | go গো<br>যাওয়া | come কাম্<br>আসা |
| read রীড্<br>পড়া | write রাইট্<br>লেখা | eat ঈট্<br>খাওয়া |
| sleep স্লীইপ্<br>ঘুমোনো | live লিভ্<br>বাস করা | dance ডান্স<br>নাচা |
| sing সিং<br>গান করা | play প্লে<br>খেলা করা | hear হীয়্যর্<br>শোনা |
| listen লিসন্<br>বিশেষ কিছু শোনা | speak স্পীক<br>কথা বলা | talk টঅক্<br>কারো সঙ্গে কথা বলা |
| tell টেল্<br>কাউকে বলা | say সে<br>কোনও বক্তব্য রাখা | walk ওয়ক্<br>হাঁটা |
| run রান্<br>দৌড়নো | put পুট্<br>কোনও জায়গায় রাখা | keep কীপ্<br>কাছে, দূরে, ভিতরে রাখা |
| rise রাইz<br>ওঠা | fall ফল্<br>পড়ে যাওয়া | climb ক্লাইম<br>ওপরে চড়া |
| fly ফ্লায়<br>ওড়া | throw থ্রো<br>ছুঁড়ে দেওয়া | catch ক্যাচ্<br>চলন্ত কিছুকে ধরা |
| want ওয়ান্ট<br>চাওয়া | like লাইক্<br>পছন্দ করা | call কঅল্<br>ডাকা |
| look লুক্<br>তাকানো | bring ব্রিং<br>আনা | see সী<br>দেখা |

| do ডু<br>কোনও কিছু করা | have হ্যাভ্<br>কোনও কিছু থাকা | be বী<br>কিছু হওয়া, কোথাও থাকা |
|---|---|---|

মনে রাখো: এই do, have, ও be-কে কাজ হিসাবে বুঝতে হবে। পরে বাক্য গঠনে সহায়ক শব্দ হিসাবেও do, have, ও be পাব যা কোনও বিশেষ অর্থে ব্যবহার হয় না। এই দুই ধরনের do, have, ও be-কে গুলিয়ে ফেলা চলবে না।

## 3.2 ইংরেজি কাজ শব্দের -s রূপ কখন ব্যবহার হয়

এখন (বর্তমান কালে) যে কাজটা করছে সে যদি he, she, it, this, that হয়, যার সংখ্যা এক, তাহলে ইংরেজি কাজ শব্দটার শেষে -s বা -es যুক্ত হবে। I, you বা সংখ্যায় একের বেশি হলে তা হবে না। নিচে উদাহরণ রাখা হল।

| I, you ও যা সংখ্যায় একের বেশি | he, she, ও it, this, that, যার সংখ্যা এক | I, you ও যা সংখ্যায় একের বেশি | he, she, ও it, this, that, যার সংখ্যা এক | I, you ও যা সংখ্যায় একের বেশি | he, she, ও it, this, that, যার সংখ্যা এক |
|---|---|---|---|---|---|
| give | gives | take | takes | sit | sits |
| stand | stands | go | goes | come | comes |
| read | reads | write | writes | eat | eats |
| sleep | sleeps | live | lives | dance | dances |
| sing | sings | play | plays | hear | hears |
| listen | listens | speak | speaks | talk | talks |
| tell | tells | say | says | walk | walks |
| run | runs | put | puts | keep | keeps |
| rise | rises | fall | falls | climb | climbs |
| fly | flies | throw | throws | catch | catches |
| want | wants | like | likes | call | calls |
| look | looks | bring | brings | see | sees |
| do | does | have | has | be | be |

**কাজ শব্দ দিয়ে বাক্য তৈরি – কেউ সাধারণত যে কাজটা করে বলা**

1. এই বাক্যগুলোতে am, is, বা are লাগবে না।
2. যে কাজটা করছে, তাকে বাক্যের প্রথমে বলা হবে।
3. এরপরেই বসবে কাজ শব্দটা ।
4. কাজ শব্দটার পরে বলতে হবে যা বা যাকে নিয়ে কাজটা সেটাকে।

মনে রাখতে হবে, কিছু কিছু কাজ শব্দ হয়, যেমন, jump, run, plays, dance, sleep, laugh, smile, ইত্যাদি, যেগুলোর পরে যা বা যাকে নিয়ে কাজটা সেটা উল্লেখ না করলেও চলে। কিন্তু অন্য কাজ শব্দগুলোর পরে এটা উল্লেখ না করলে বাক্যের অর্থ সম্পূর্ণ হয় না।

| | | |
|---|---|---|
| Dogs run. | He plays. | She dances. |
| She gives ? (biscuits). | I like ? (cats). | He wants ? (water). |

**3.3 কেউ সাধারণত যে কাজটা করে**

| | |
|---|---|
| I play football. | He plays football. |
| He likes biscuits. | I dance. |
| He dances. | Dogs run. |
| A dog runs. | The dog runs. |
| She dances. | She sings. |
| The **rain** falls. | Ram speaks **Bengali**. |
| Cats climb trees. | The cat climbs a tree. |
| Students read books. | She writes stories. |
| He tells them stories. | He tells us stories. |
| She writes him letters. | The Sun gives us light. |
| He does his **homework**. | They do their homework. |
| I do my homework. | They sleep here. |


মনে রাখো: নতুন শব্দ: rain (রেইন্) বৃষ্টি; Bengali (বেঙ্গলি) বাংলা ভাষা; homework (হোমওয়র্ক), বাড়িতে করা যে কোনও প্রস্তুতি ।

**ব্যক্তি বা বস্তুর দিকে বা কোন্ স্থানে বোঝানোর শব্দ**

যেকোনও কাজই হয় কোনও ব্যক্তি বা বস্তুকে নিয়ে। এই ব্যক্তি বা বস্তুগুলোর দিক বা তার ঠিক কোন্খানে বোঝাতে ইংরেজি বাক্যে আরও কিছু শব্দ ব্যবহার করা হয়। বাক্যে এই শব্দগুলো ওই ব্যক্তি বা বস্তুর ঠিক আগে বসে।

## 3.4 on, in, up, down, to, from, with, of ব্যবহার

| | | |
|---|---|---|
| on<br>অন্ | ব্যক্তি বা বস্তুর উপরতলে – যেমন, টেবিলটার ওপরে | on the table |
| in<br>ইন্ | ব্যক্তি বা বস্তুর অভ্যন্তরে – যেমন, ব্যাগটার মধ্যে | in the bag |
| up<br>আপ্ | ব্যক্তি বা বস্তুর ওপর দিকে বা উদ্দেশ্যে– যেমন, ওপর দিকে তাকাও | Look up. |
| down<br>ডাউন্ | ব্যক্তি বা বস্তুর নিচের দিকে – যেমন, গাছটা থেকে নেমে এসো | Come down from the tree. |
| to<br>টু | ব্যক্তি বা বস্তুর দিকে, বা উদ্দেশ্যে – যেমন, ইস্কুলে যাও | Go to school. |
| from<br>ফ্রম | ব্যক্তি বা বস্তুর দিক থেকে – যেমন, ইস্কুল থেকে এসো | Come from school. |
| with<br>উইথ্ | কোনও ব্যক্তি বা বস্তুর সঙ্গে – যেমন, আমার সঙ্গে | Come with me. The black ball is with a white ball. |
| of<br>অভ্ | অনেকগুলি অর্থে ব্যবহার হয়, যা দিয়ে, যার থেকে বা মধ্যে, কোনও বস্তু বা ব্যক্তি – যেমন, রাম ওদের একজন । | The black ball is one of the ten balls. Ram is one of the students. |




মনে রাখো: এই শব্দগুলি ব্যক্তি, বস্তু, বা বিষয়ের আগে বসে, তার দিক, উদ্দেশ্য, বা স্থান নির্দেশ করতে। তাই এদেরকে pre-position বলা হয়। কিন্তু, পরে শিখব, এগুলোর অন্যভাবেও প্রয়োগ হয়, যেমন, বহুসময় to শব্দটি কাজ শব্দের আগে বসে। আবার, অনেক সময়ে এগুলো কাজ শব্দের পরে বসে অন্য অর্থ বোঝায়।

### 3.5 কাজটার দিক-নির্দেশ করে বলা – সাধারণত যা করা হয়

A teacher reads to the students.
A student listens to the teacher.
They go to school.
She goes to school.
This road goes to the village.
He writes **letters** to us.
He goes to the village from the school.
He tells stories to the students.
I live in a village.
Birds fly in the sky.
The Sun rises in the **east**.
They live in the village.
He lives in a village.
She lives in that house.
They live in this house.
I keep my pencils in a bag.
She keeps her bag in her house.
He sleeps in my house.
I walk on that road.
He walks on that road.
Leaves fall from trees.
Ram comes to the school from a village

কোনও কাজ করতে বলা

Please give it to them.
Please give it to us.
Please stand up.
Please sit down.
Please give the books to them.
Please take the bag from them.
Please come here.
Please read the book.
Please go there.
Please talk to him.

মনে রাখো: কাউকে কোনও কাজ করতে বললে সাধারণত Please বলতে হবে। কাজের নিয়ম বা আদেশ হিসেবে বললে Please বলতে হবে না। এই ধরনের বাক্যের প্রথমে You কথাটা সাধারণত উহ্য থাকে। নতুন শব্দ: letter, letters (লেট্যর্) চিঠি; east (ঈস্ট) পূর্বদিক, glass, glasses (গ্লাস) খাওয়ার জলের গেলাস, আরেকটা অর্থ কাঁচ।

### কাজ শব্দের আগে to শব্দটার বিশেষ ব্যবহার

সাধারণত to শব্দটা ব্যক্তি বা বস্তুর ঠিক আগে বসে বোঝায় তার দিকে বা উদ্দেশ্যে– যেমন, to me, to him, to school, to the cats । আবার to ব্যবহার হয় কাজ শব্দের ঠিক আগে – যেমন, to play, to eat, to give, to go, to dance, to throw, to catch। এই দুই ব্যবহারের পার্থক্য দেখে নাও –

| | | | |
|---|---|---|---|
| I play. | আমি খেলা করি | I am to play. | আমাকে খেলা করতে হবে |
| You play. | তুমি খেলা করো | You are to play. | তোমাকে খেলা করতে হবে |

আগে to-সহ কাজ শব্দ শুধু কাজটাকেই একটা বিষয় হিসাবে বোঝায় –

| | | | | |
|---|---|---|---|---|
| to play | to give | to go | to dance | to throw |
| to eat | to sleep | to take | to catch | to run |
| to keep | to put | to listen | to walk | to hear |
| to bring | to sit | to climb | to talk | to speak |
| to rise | to fly | to have | to do | to be |

to-সহ কাজ শব্দ দিয়ে বাক্য গঠন দুই রকমের হয় – সহায়ক কাজ শব্দ am, is, are ব্যবহার করে, অথবা অন্য কোনও সক্রিয় কাজ শব্দ ব্যবহার করে। am to, is to, are to দিয়ে বাক্যগুলো আদেশ বা কর্তব্য বোঝায়।

| | |
|---|---|
| I am to …. | আমাকে করতে হবে…. (কাজটা) |
| You are to …. | তোমাকে করতে হবে…. (কাজটা) |
| He/She is to …. | ওকে করতে হবে…. (কাজটা) |
| We are to …. | আমাদেরকে করতে হবে…. (কাজটা) |
| They are to …. | ওদেরকে করতে হবে…. (কাজটা) |

লক্ষ করো, এখানে I, we, you, he, she, they, এই শব্দগুলির বাংলায় মানে কিন্তু আমাকে, আমাদের (আমাদেরকে), তোমাকে, তোমাদের (তোমাদেরকে) ওকে, ওদের (ওদেরকে)।

বাক্যে অন্য কোনও কাজ শব্দ সক্রিয় থাকলে সহায়ক (am, is বা are) শব্দের প্রয়োজন হয় না। আমরা এর কয়েকটি উদাহরণ দেখব –

### 3.6 কাজ শব্দের আগে to দিয়ে বাক্য

| অন্য কোনও কাজ শব্দ সক্রিয় | সহায়ক শব্দ am, is, are |
|---|---|
| He wants to go to school. | He is to go to school. |
| I want to go to school. | I am to play football. |
| I like to play football. | I am to listen to them. |
| She wants to give him milk. | She is to give him milk. |
| We take that road to go to our village. | We are to take that road to go to our village. |
| They tell him to bring food. | You are to throw the ball. |
| She loves to read books. | He is to catch it. |
| He buys fish to feed the cat. | I am to give you a book. |
| I go there to see the sunrise. | You are to give me a pen. |
| He comes to play football. | You are to stand there. |

## পাঠ 4. কেউ যে কাজটা করে না বলা ও করে কিনা প্রশ্ন করা

ইংরেজি বাক্যে do, does শব্দদুটো দুই ভাবে ব্যবহার হতে পারে। একটা হল, কোনও একটা কাজ করা বোঝাতে কাজ শব্দ হিসাবে – যেমন, I do my homework. He does the washing. She does the cooking. They do farming. অন্যটা হল বাক্যগঠনে সহায়ক শব্দ হিসাবে । আমরা এখানে বাক্যগঠনে সহায়ক শব্দ হিসাবে do ও does ব্যবহার শিখব । আগে জেনে নিতে হবে বাক্যে কখন do হবে আর কখন does ব্যবহার হবে।

### 4.1 বাক্যে do, does ব্যবহার

| | | | | | |
|---|---|---|---|---|---|
| I | do | ডু | this /it | does | ডাস্‌z |
| you | do | ডু | they | do | ডু |
| he / she | does | ডাস্‌z | these/those | do | ডু |

মনে রাখো: does-র সঠিক উচ্চারণ হবে ডাস বা ডাজ নয়, ডাz।

আমরা শিখেছি যে বাক্যে he, she, it, this, that ইত্যাদির ক্ষেত্রে কাজ শব্দটির শেষে -es বা -s যোগ হয় । do-এর সাথে -es যোগ হয়ে does হয় বলে বাক্যে does থাকলে কাজ শব্দটির শেষে আর -es বা -s যোগ হয় না।

বাক্যগঠনে সহায়ক do, does-এর নিজস্ব কোনও আলাদা অর্থ নেই, যেমন দেখেছি is, am, বা are-এর ক্ষেত্রে ।

### বাক্যে সহায়ক do, does-এর ব্যবহার কখন দরকার হয় ও বাক্যের গঠন

1. কাজ করা সম্বন্ধে প্রশ্ন করতে

প্রশ্নসূচক বাক্যের প্রথমে বসে Do বা Does শব্দটি, তারপর বসে যাকে বা যার কাজ করা নিয়ে প্রশ্ন সে । এরপর বসে কাজটা ও শেষে কাজের লক্ষ্য বা উদ্দেশ্যটা, এবং বাক্যটি শেষ হয় প্রশ্ন চিহ্ন (?) দিয়ে। বাক্যের প্রথমে বসলে do বা does শব্দটি 'কি' প্রশ্নের সৃষ্টি করে –

You play football. Do you play football?
He reads books. Does he read books?

আমরা আগে দেখেছি যে is, am, বা are দিয়েও একই রকম হয় – বাক্যের সামনে বসলে এরাও প্রশ্নসূচক বাক্য তৈরি করে।

You are a student. Are you a student?
That is a dog. Is that a dog?

তফাত হল, is, am, বা are দিয়ে এই প্রশ্নসূচক বাক্যগুলি হল কোনও কিছুর বর্ণনা সম্বন্ধে, কোনও কাজ করা সম্বন্ধে নয়। বাক্যটি কাজ সম্বন্ধে হলে ব্যবহার করতে হয় do, does-কে।

2. কেউ কোনও একটি কাজ করে না বলতে

এই ধরনের বাক্যের প্রথমে বসে, যার কাজ না করা নিয়ে বলা হচ্ছে, সে ও তারপর বসে do বা does । এরপর বসে not শব্দটি, কাজ শব্দটির ঠিক আগে ও শেষে বসে কাজের লক্ষ্য বা উদ্দেশ্যটা –

I do not play football. He does not do his homework.

প্রশ্নসূচক নেতিবাচক বাক্য একইভাবে তৈরি করা যাবে –

Do you not play football? Does he not do his homework?

3. কোনও একটি কাজ করাকে জোর দিয়ে বলতে

বাক্যের মাঝে বাড়তি একটা সহায়ক do বা does কাজ শব্দটির ঠিক আগে দিলে সেটা কোনও কাজ করাকে জোর দিয়ে বলে –

You do play football. I do do my homework.

4. কোনও একটি কাজ কী, কোথায়, কখন, কীভাবে করা হয় প্রশ্ন করা

এখানে বাক্যের গঠন do বা does দিয়ে প্রশ্নসূচক বাক্যের মতোই হয়, শুধু আরম্ভে What, Where, How, When, Which ইত্যাদি শব্দগুলো থাকে।

## 4.2 কেউ কাজটা করে কিনা প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| Do you live here? | Yes, I live here.<br>No, I do not live here. |
| Do you like flowers? | Yes, I like flowers.<br>No, I do not like flowers. |
| Do you climb trees? | Yes, I climb trees.<br>No, I do not climb trees. |
| Do they read books? | Yes, they read books.<br>No, they do not read books. |
| Does he like biscuits? | Yes, he likes biscuits.<br>No, he does not like biscuits. |
| Do cats climb trees? | Yes, cats climb trees. |
| Do dogs climb trees? | No, dogs do not climb trees. |

| | |
|---|---|
| Does she dance? | Yes, she dances.<br>No, she does not dance. |
| Does this pencil write? | Yes, it writes.<br>No, it does not write. Or,<br>Yes, this pencil writes.<br>No, this pencil does not write. |
| Does the road go to the village? | Yes, the road goes there.<br>No, the road does not go there. |
| Do you go to school? | Yes, I go to school.<br>No, I do not go to school. |
| Do you like it? | Yes, I like it.<br>No, I do not like it. |
| Do I go there? | Yes, you do.<br>No, you do not. |
| Do you see that? | Yes, I see it.<br>No, I do not. |
| Do you want it? | Yes, I do.<br>No, I do not. |
| Do you want this? | Yes, I do.<br>No, I do not. |
| Do they like that? | Yes, they do.<br>No, they do not. |
| Do you **know** him? | Yes, I do.<br>No, I do not. |
| Do they go to school? | Yes, they do.<br>No, they do not. |
| Does this dog run? | Yes, it does.<br>No, it does not. |
| Does it run? | Yes, it does.<br>No, it does not. |
| Do those dogs run? | Yes, they do.<br>No, they do not. |

| | |
|---|---|
| Does that bird fly? | Yes, it does.<br>No, it does not. |
| Does he know you? | Yes, he does.<br>No, he does not. |
| Do these birds fly? | Yes, they do.<br>No, they do not. |

মনে রাখো: এখানে উত্তরে প্রশ্নটির পুনরাবৃত্তি করা হয়েছে অনুশীলনের জন্য । কথোপকথনে তার প্রয়োজন হয় না। ইতিবাচক উত্তরটি do এবং নেতিবাচক উত্তরটি do not দিয়েই শেষ করা যায় – যেমন পরের কয়েকটা উত্তরে দেখানো হয়েছে।
নতুন শব্দ: know (নোও) জানা।

### 4.3 জোর দিয়ে করা প্রশ্ন ও উত্তর – কেউ কাজটা করে কিনা

| প্রশ্ন | উত্তর (যা দুই রকমের হতে পারে) |
|---|---|
| Does she not eat rice? | No, she does not eat rice.<br>Yes, she does eat rice. |
| Do you not live here? | No, I do not live here.<br>Yes, I do live here. |
| Do you not like flowers? | No, I do not like flowers.<br>Yes, I do like flowers. |
| Do you not climb trees? | No, I do not climb trees.<br>Yes, I do climb trees. |
| Do I not go there? | |
| Do you not see that? | |
| Do they not read books? | No, they do not read books.<br>Yes, they do read books. |
| Does he not like biscuits? | No, he does not like biscuits.<br>Yes, he does like biscuits. |

Do you not like it?
Do you not want it?
Do you not want this?
Do they not like that?
Do they not go to school?
Does this dog not run?

Does it not run?
Do those dogs not run?
Does that bird not fly?
Do these birds not fly?
Does she not dance?
Does this pencil not write?
Does the road not go to the village?
Do you not go to school?
Do you not walk on that road?
Do they not walk on that road?
Does he not do his homework?
Does she not speak with them?
Do the students not listen to the teacher?
Do you not see the birds in the sky?

মনে রাখো: বলার সময় do not-কে একসাথে বলা হয় don't বা ডোন্ট, ও does not-কে একসাথে বলা হয় doesn't বা ডাzন্ট। বাক্যের গঠন তাই একটু পাল্টে যায়। লক্ষ করো: এখানে not কাজ শব্দটির আগে বসছে।

## 4.4 কাজটা কী, কোথায়, কখন, কীভাবে কেউ করে প্রশ্ন

What do you want?
What does he want?
What do you eat?
What does he eat?
What do I eat?
What do they play?
What do you play?
What do you do?
What does he do?
What do I do?
What do you like?
What do you say?
What does he say?
Where does he go to play?

Where do you go?
Where does the road go to?
Where do the birds fly?
When do they sleep?
When does she sleep?
When do you sleep?
When do they go to play?
When do you go to school?
When does he go to school?
When do they come from school?
When do you come from school?
Why do they bring the dogs here?
Why does he bring the cat to school?
Why do you give biscuits to the dogs?
Why does she give rice to the birds?
Why does she not go to school?
Why does he not play?
Why does she not talk to us?
Why do you not speak with her?
Whom do I give this book to?
Whom does she want to talk to?
Who do you see there?
Who do you give biscuits to?
How do you go to school?
How do you catch the ball?
How do they play?
How does she dance?

মনে রাখো: এখানে how do they play, বা how does she dance প্রশ্নের অর্থ কিন্তু কীভাবে খেলে বা কীভাবে নাচে নয়। প্রশ্ন কেমন খেলে, কেমন নাচে, কতটা ভালো।

এ পর্যন্ত শেখা শব্দ দিয়ে এখানে সব প্রশ্নের উত্তর হবে না। উত্তর দিতে আরো কিছু বিশেষ শব্দ জানা প্রয়োজন, যা পরে শিখবে।

## পাঠ 5. করতে পারা, করার সম্ভাবনা বা অনুমতি, ও আদেশ করা

কাজ শব্দ নিয়ে বাক্যে আরও তিনটি সহায়ক শব্দের ব্যবহার শিখব – can, may, ও must। সহায়ক শব্দ মানে এদের নিজস্ব কোন ও অর্থ নেই। কিন্তু, এই তিনটের বিশেষত্ব হল, এগুলো বাক্যে বিশেষ কিছু ভাব আনে। সেইকারণে এই তিনটেকে ভাবসূচক সহায়ক শব্দ বলা যেতে পারে। এখন (বর্তমান কালে) এই তিনটে শব্দ ব্যবহার হয় তিন রকম ভাব বোঝাতে।

### 5.1 ভাবসূচক সহায়ক শব্দ can, may, must ব্যবহার

| | | |
|---|---|---|
| একটা কাজ করতে পারার ক্ষমতা | can | ক্যান্ |
| একটা কাজ করার সম্ভাবনা, অনুমতি, বা প্রার্থনা | may | মে |
| একটা কাজ করা প্রয়োজন বা অবশ্যকরণীয় | must | মাস্ট |

এইগুলির কোন্টা কখন ব্যবহার হবে তা ঠিক করতে হয় বাক্যটি কোন্ অর্থে বলা হচ্ছে সেই অনুযায়ী। I can do it. I may do it. I must do it., এই তিনটি বাক্যের অর্থ আলাদা –

| | |
|---|---|
| আমি কাজটা করতে পারি (করার ক্ষমতা আছে) | I can do it. |
| আমি কাজটা করতে পারি (সম্ভাবনা আছে নাও করতে পারি) | I may do it. |
| আমাকে কাজটা করতেই হবে (অবশ্যপ্রয়োজন) | I must do it. |

### সহায়ক can, may, ও must দিয়ে বাক্যের গঠন

আগে যে কয়েকটা ধরনের বাক্যের গঠন শিখেছি, can, may, ও must দিয়ে একইভাবে ওই ধরনের বাক্য গঠন করা যাবে।

1. সাধারণ ইতিবাচক বাক্য: বাক্যের প্রথমেই বসবে যে বা যার কাজ নিয়ে বাক্যটিতে বলা হচ্ছে, ও তারপরেই বসবে can, may, ও must শব্দগুলির যেটা বাক্যে প্রয়োজন। এরপর বসবে কাজ বোঝায় শব্দটি ও কাজটির লক্ষ্য বা উদ্দেশ্য। যেমন, can দিয়ে – She can write her name.
2. প্রশ্নসূচক বাক্য: can, may বা must বাক্যের প্রথমে চলে আসবে ও বাক্যটি প্রশ্ন চিহ্ন দিয়ে শেষ হবে। যেমন, can দিয়ে – Can she write her name?
3. নেতিবাচক বাক্য: কোনও একটি কাজ না করতে পারা বা না করা বলতে not শব্দটি can, may বা must-এর পরে বসবে, কাজ শব্দটির আগে।

মনে রাখতে হবে, can-এর পরে not থাকলে তা যুক্ত হয়ে একটি শব্দ হয়ে যায় cannot। এমনটা অবশ্য may বা must-এর ক্ষেত্রে হবে না। যেমন, can দিয়ে – She cannot write her name.

4. <u>প্রশ্নসূচক নেতিবাচক বাক্য:</u> কাজটা পারার প্রশ্নটাতে জোর দিতে not ব্যবহার করা হয়, ওপরের প্রশ্নসূচক বাক্যে যে কাজটার কথা বলা হচ্ছে তার ঠিক আগে not দিয়ে। যেমন, can দিয়ে – Can you not write your name?
5. <u>কোনও একটি কাজ কী, কোথায়, কখন, কীভাবে করা নিয়ে প্রশ্ন:</u> প্রশ্নসূচক বাক্যের মতোই হয়, শুধু আরম্ভে What, Where, How, When, Which ইত্যাদি শব্দগুলো থাকে। যেমন, can দিয়ে –When can you come home? Where can she go? How can you do this to me?

### 5.2 করতে পারা, না পারা বলতে Can

| | | |
|---|---|---|
| I can read. | You can write. | He can write. |
| She can **tell** stories. | We can read. | She can read. |
| They can play football. | They can climb trees. | They can write. |
| We can write. | He can run. | I can run. |
| They can run. | Dogs can run. | Cats can climb trees. |
| I can **speak English**. | He can speak English. | They can speak English. |
| I can **speak in English** with them. | He can speak in English with me. | They can speak with us in English. |
| Now you can **talk** to me. | I can talk to her now. | You can write now. |
| I can write English. | You can write letters to me in English. | They can tell stories in Englsih. |
| I cannot read. | You cannot write. | He cannot write. |
| She cannot tell stories. | We cannot read. | She cannot read. |

| | | |
|---|---|---|
| They cannot play football. | They cannot climb trees. | They cannot write. |

মনে রাখো:

1. ব্যবহারের পার্থক্য লক্ষ করো – tell, speak, আর talk।
2. ‘speak English’ আর ‘speak in English’-এর মধ্যে তফাত লক্ষ করো। প্রথমটার মানে ওই ভাষাটা বলতে পারা, আর দ্বিতীয়টা ওই ভাষাতে কিছু বলা।
3. ‘cannot’ একটি শব্দ; can-এর পরে not বসলে জুড়ে যায়। সংক্ষিপ্ত can’t।
4. অনেক সময়ে can দিয়ে বাক্যে ভবিষ্যতে একটা কাজ করার ইঙ্গিত থাকে।

## 5.3 করতে পারা নিয়ে প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| Can you write? | Yes, I can write.<br>No, I cannot write. |
| Can he write? | Yes, he can write.<br>No, he cannot write. |

Can you tell stories?

Can you hear me?

Can she hear you?

Can she dance?

Can you hear the **song**?

Can you climb a tree?

Can cats climb trees?

Can he play football?

Can you read English?

Can he write English?

Can they play football?

Can they write their names?

Can the dog run?

Can this bird fly?

Can it fly up to the sky?

Can the students speak English?

নতুন শব্দ: song (সঙ্ ) গান।

### 5.4 করতে পারা নিয়ে প্রশ্ন ও উত্তরে জোর দেওয়া

| | |
|---|---|
| Can you not write? | No, I cannot write.<br>Yes, I can write. |
| Can he not write English? | No, he cannot write English.<br>Yes, he can write English. |

Can they not speak English?

Can they not talk to their teacher?

Can cats not climb trees?

Can she not dance?

Can the bird not fly?

Can you not hear her song?

Can you not throw the ball?

Can he not see the ball?

মনে রাখো: cannot (ক্যান্নট্ ) সংক্ষিপ্ত হয়ে can't (ক্যান্ট) হয়।

### 5.5 করার সম্ভাবনা, অনুমতি, প্রার্থনা বলতে may

| | | |
|---|---|---|
| I may go there. | He may come now. | They may go there. |
| I may not go there. | He may not come. | They may not go there. |
| You may talk to her. | They may talk to me. | You may talk to them. |
| They may play football. | She may go to her village. | You may write stories in English. |
| She may speak with you in English. | The students may play now. | He may read stories now. |
| I may tell you a story. | You may find it there. | He may talk to you. |
| I may not tell you the story. | You may not find it there. | He may not talk to you. |

| | | |
|---|---|---|
| You may come in. | You may sit down. | You may go now. |

অনুমতি চাওয়া

| | | |
|---|---|---|
| May I go to play today? | May I not see television now? | May I give him the book? |
| May I stand here**?** | May we speak in English? | May I tell you a story? |
| May I read now? | May I sit down? | May I come in? |
| May I talk to her? | May they speak to you now? | May I eat now? |
| May he take your book? | May they give him a pencil? | May they play football? |

প্রার্থনা করা

| | | |
|---|---|---|
| May he hear us! | May he give us light! | May he give them **food**! |

মনে রাখো:

1. 'You may' সাধারণভাবে বললে আদেশ বা অনুমতি বোঝায়। 'may' দিয়ে বাক্য সম্ভাবনা নির্দেশ করে, যাতে ভবিষ্যতের ইঙ্গিত থাকে।
2. May I come? May I sit down? হল অনুরোধ। এখানে তাই প্রশ্ন চিহ্ন আছে । May he hear us বা May they give us light. হল প্রার্থনা। এখানে তাই প্রশ্ন চিহ্ন নয়, বিস্ময় চিহ্ন দেওয়া হয়েছে ।
3. 'May you' দিয়ে আরম্ভ বাক্য কেবলমাত্র প্রার্থনা হয়, আদেশ বা অনুরোধ হয় না। তাই, কাউকে অনুরোধ করতে 'May you'বলা হয় না। বলা হয়, 'Would you' বা 'Could you', যা আমরা পরে আলোচনা করব।
4. নতুন শব্দ: food (ফূড্), অর্থ খাদ্যবস্তু।

### 5.6 করা বা না-করা অবশ্যপ্রয়োজন বলতে must

| | | |
|---|---|---|
| I must read this book. | You must go there. | They must be there. |
| I must talk to him. | She must take the book. | He must go to school. |

| | | |
|---|---|---|
| You must go to school. | You must go to see him. | You must give the flower to her. |
| You must see him. | They must listen to the teacher. | The girls must go to school now. |
| I must go to my house now. | She must speak in English. | They must play football. |
| I must sleep now. | She must go to her village. | The boys must come now. |
| You must come to see me. | You must sit down to write. | You must go there to see him. |
| You must tell me a story. | You must write stories in English. | The students must talk to the teacher in English. |
| I must eat now. | I must walk to school. | You must put your pencil in your bag. |
| You must do it. | He must do it. | The dog must eat now. |
| He must say **sorry** to us. | You must come to school today. | We must listen to our teacher. |
| He must not go there. | You must not dance here. | You must not sleep now. |
| They must not play now. | We must not take these from him. | He must not say this to her. |
| She must not take the book from him. | He must not give the ball to them. | She must not sing now. |
| He must not run now. | He must not climb that tree. | You must not fall down. |
| Must he go to school today? | Must you go there? | Must she sing in the school function? |
| Must you not say sorry? | Must he not help you? | Must you not go there? |

মনে রাখো: Must শব্দটি নির্দেশসূচক বলে এখানে you-এর অর্থ 'তুমি' না হয়ে হবে 'তোমাকে'। একই ভাবে I, he, she, we, they-এর সঙ্গে must শব্দটির ব্যবহার হলে সেগুলিরও অর্থ হয়ে যাবে আমাকে, ওকে, আমাদেরকে, ওদেরকে।

ইতিবাচক বাক্যে must -য়ের বদলে have to ব্যবহার পরে দেখানো হয়েছে।

নতুন শব্দ: **sorry** (সরি) দুঃখ প্রকাশ করা বা মার্জনা চাওয়া।

## 5.7a. কী, কোথায়, কখন, কীভাবে করা, করার অনুমতি, আদেশ নিয়ে প্রশ্ন

| | | |
|---|---|---|
| What can I do **for** you? | What can I give you? | What can he play? |
| Which book can I take? | Which song can they sing? | Which book can I give her? |
| How can I go to the station? | How can they play here? | How can they **learn** to speak English? |
| Where can I **get** the book? | Where can they play? | Where can they learn to dance? |

## b. কী, কোথায়, কখন, কীভাবে করার অনুমতি, ও আদেশ নিয়ে প্রশ্ন

বাক্যগুলি আমাদের একটু অন্যভাবে গঠন করে নিতে হবে – কখনো দুটি বাক্যে ভেঙে, কখনো do/does দিয়ে প্রশ্ন তৈরি করে, কখনো must শব্দের বদলে have/has to ব্যবহার করে, যেটা আমরা পরের পাঠে শিখব।

| | | |
|---|---|---|
| May I see the teacher? When can I see him? | May I talk to her? When can I see her? | May I get the book? Where can I find it? |
| May I see her? When can she give her time? | She may learn English. But how and where can she? | I may go to Bolpur. How can I go there? |
| Which of these books may I read? | Which is the bag I may take? | When do I <u>have to</u> see the teacher? |

| | | |
|---|---|---|
| When do I have to go to Bolpur? | Where do I have to go to see her? | Where do they have to go to get rice? |
| Why does she have to write this? | How do I have to write this letter? | Which are the books I must read? |

নতুন শব্দ: for (ফর্) জন্য। এই অর্থে শব্দটি কোনও বস্তু, বিষয়, বা ব্যক্তির আগে বসে। অন্য আরেকটি অর্থ হল কারণ। learn (ল্যার্ন্) শেখা – একটি কাজ শব্দ। get (গেট্) পাওয়া – একটি কাজ শব্দ।

## পাঠ 6. কারও কোনও কিছু আছে বা নেই বলা

ইংরেজিতে do, does-য়ের মতোই have, has শব্দদুটোও দুই ভাবে ব্যবহার হয়। এখন (বর্তমান কালে) কারও কোনও কিছু আছে বলতে ইংরেজিতে ব্যবহার হয় দুটো শব্দ – have অথবা has। আছে অর্থে have/has-য়ের এই ব্যবহার হল বাক্যের কাজ শব্দ হিসাবে। এছাড়া, কোনও অর্থে নয়, বাক্য গঠনে সহায়ক শব্দ হিসাবেও have/has ব্যবহার হয়ে থাকে। আমরা প্রথমে দেখব have/has আছে বোঝায় (কাজ শব্দ) এমন বাক্যগুলোর গঠন, ও পরে দেখব সহায়ক শব্দ have/has-য়ের ব্যবহার। কখন have হবে আর কখন has হবে সেই নিয়মটা আগে শিখে নিতে হবে।

### 6.1 have, has ব্যবহারের নিয়ম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| *I* | have | হ্যাভ্ | *this (it)* | has | হ্যাস্z |
| *You* | have | হ্যাভ্ | *they* | have | হ্যাভ্ |
| *he / she* | has | হ্যাস্z | *these/ those* | have | হ্যাভ্ |

**'আছে' অর্থে কাজ শব্দ হিসাবে have, has দিয়ে বাক্যের গঠন**

আগে যে কয়েকটা ধরনের বাক্যের গঠন শিখেছি, have, has দিয়ে একইভাবে এই ধরনের বাক্য গঠন করা যাবে।

1. <u>সাধারণ ইতিবাচক বাক্য</u>: বাক্যের প্রথমেই বসবে যে বা যাকে নিয়ে বাক্যটি বলা হচ্ছে, ও তারপরে বসবে আছে অর্থে কাজ শব্দ have, বা has-য়ের যেটা বাক্যে প্রয়োজন। এরপর বসবে যে বস্তু বা বিষয়টা আছে, যেমন –

    She has a book. I have pencils. You have two bags.

    I have no books. You have no pencils. He has no bags.

    ওপরের বাক্যে no books, no pencils, no bags থাকলেও এগুলি নেতিবাচক বাক্য নয়, কারণ বস্তুর আগে no শব্দটা সংখ্যাবাচক। নেতিবাচক বাক্য বলতে হয় কাজ শব্দের আগে not দিয়ে ।

    এখানে have/has অধিকার বোঝায় বলে I, you, he, she, we, they-এর অর্থ হয়ে যায় আমার, তোমার, ওর, আমাদের, ওদের।

2. <u>নেতিবাচক বাক্য</u>: আছে-য়ের বিপরীত নেই বলতে নেতিবাচক বাক্যে not have ব্যবহার হবে । আগে শিখেছি, কাজ শব্দটির আগে not দিয়ে বাক্য

গঠন করতে সহায়ক শব্দ হিসাবে do/does ব্যবহার হয়। এখানে not have দিয়ে বাক্য গঠন করতে আমরা সহায়ক শব্দ হিসাবে do বা does ব্যবহার করব। এই ধরনের বাক্যের প্রথমে বসে যাকে নিয়ে বাক্যটি সে, ও তারপর বসে do বা does । এরপর বসে not have শব্দটি ও তারপর বস্তু বা বিষয়টা –

I do not have books. You do not have the pencil.
He does not have two bags. She does not have a toy.

লক্ষ করো, বাক্যে does শব্দটা থাকলে has-এর বদলে have বলা হচ্ছে। আগে শিখেছি, do-য়ের সাথে -es যোগ হয়ে does হয় বলে বাক্যে does থাকলে কাজ করা শব্দটির শেষে আর -es বা -s যোগ হয় না।

3. প্রশ্নসূচক বাক্য: প্রথমে Do বা Does শব্দটি বসবে, তারপর বসবে যাকে নিয়ে প্রশ্ন করা হচ্ছে সে। এরপর বসবে have ও তারপর বস্তু বা বিষয়টা । বাক্যটি শেষ হয় প্রশ্ন চিহ্ন (?) দিয়ে। যেমন –

Do you have books? Does he have two bags?
Do they have dogs? Does Raju have the pencil?
Does she have bags? Do your trees have flowers?

কারও কোনও একটি বস্তু একেবারেই কি নেই, এই প্রশ্ন করা হবে –

Do I have no books? Do you have no pencils?
Does he have no bags? Does the tree have no flowers?

4. প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: প্রশ্নতে জোর দিতে not ব্যবহার করা হয়, প্রশ্নসূচক বাক্যে have-য়ের ঠিক আগে not দিয়ে। যেমন –

Do you not have books? Does she not have bags?
Do you not play football? Does he not do his homework?

5. কোনও বস্তুর অধিকার লাভ করা, লাভ করার সম্ভাবনা বা অনুমতি, ও অবশ্যপ্রয়োজন বোঝানোর বাক্য: এই বাক্যগুলো সাধারণ ইতিবাচক বাক্য মতোই হয়, শুধু have/has-য়ের বদলে বসে can have, may have, must have। আগে শিখেছি যে বাক্য গঠনে সহায়ক শব্দ can, may, ও must কিছু বিশেষ অর্থের ভাব বহন করে – করতে পারা (can), সম্ভাবনা, অনুমতি, বা প্রার্থনা (may), আদেশ, বা অবশ্যকরণীয় (must) । সেই অনুযায়ী এই বাক্যগুলোর অর্থ আলাদা হয় । যেমন –

You can have the book. তুমি বইটা নিতে পার;
You may have the book. তুমি বইটা পেতে পার (অনুমতি);
You must have the book. তোমাকে বইটা পেতেই হবে (আদেশ, প্রয়োজন) ।

## 6.2 কারও কোনও কিছু আছে বা নেই বলা

| | |
|---|---|
| I have a book. | You have a pencil. |
| She has a book. | He has a ball. |
| They have dogs. | The dog has a **tail**. |
| It has **four legs**. | That dog has no tail. |
| The village has **ten** houses. | The village has **one** school. |
| The houses have **doors** and **windows**. | They have two houses there. |
| He has a house here. | He has his house there. |
| The school has five teachers. | The school has twenty students. |
| I have no books. | He has no bags. |
| He has no house. | This house has no windows. |
| You have no pencils. | They have no chairs. |
| Trees have leaves. | That house has two doors and five windows. |
| This dog has no tail. | The village has no schools. |
| This tree has no flowers. | Dogs have four legs. |
| Cats have tails. | Birds have **wings**. |

<u>জোর দিয়ে বলা</u>

| | |
|---|---|
| I do have the book. | You do have the book. |
| Cats do have tails. | He does have a house. |
| Birds do have wings. | This house does have a window. |
| He does have a bag. | He does have tables and chairs. |
| Trees do have leaves. | He does have a pencil. |

নতুন শব্দ: 'door', 'doors', (ড্যর্  ড্যর্স) দরজা, দরজাগুলো; 'window', 'windows' (উয়িন্ডো,উয়িন্ডোস্z) জানালা, জানালাগুলো; 'one', 'four', 'ten',

‘twenty’(ওয়ান, ফোর্, টেন্, টয়েন্‌টি) ইংরেজি সংখ্যা এক, চার, দশ, কুড়ি; leg, legs (লেগ্, লেগ্‌স/z) পা; একাধিক পা; tail, tails (টেইল্, টেইল্‌স/z) ল্যাজ, একাধিক ল্যাজ; wing, wings (উয়িং উয়িংস/z) ডানা, একাধিক ডানা।

### 6.3 কারও কোনও কিছু আছে বা নেই – প্রশ্ন ও উত্তর

Do they have a cat? — Yes, they have a cat.
No, they do not have a cat.

Do you have the book?

Do you have a pencil?

Do the birds have wings?

Does she have books?

Does he have a house there?

Do they have houses there?

Does the cat have a tail?

Does it have four legs? — Yes, it has four legs.
No, it does not have four legs.

Does the house have a door?

Does the house have windows?

Does the village have a school?

Do you have a bag?

Does the bag have a hole?

Does the tree have leaves?

Do those birds have wings?

Does that tree have flowers now?

### 6.4 কারও কোনও কিছু আছে বা নেই প্রশ্ন ও উত্তরে জোর দেওয়া

Does she have **no** books? — No, she does **not** have books.
Yes, she does have books.

Do they have no pencils? — No, they do not have pencils.
Yes, they do have pencils.

Does the dog not have a tail?

Do the students have no bags?

Does the tree have no leaves?

Does he have no **friends**?

Do you not have that book?

Do they not have that book?

| | |
|---|---|
| Does it not have four legs? | No, it does not have four legs.<br>Yes, it does have four legs. |

Does the house not have doors?

মনে রাখো: নতুন শব্দ friend, friends (ফ্রেন্ড ফ্রেন্ডস্‌z) বন্ধু, বন্ধুরা।

লক্ষ করো: কোনও বস্তু একেবারেই একেবারেই নেই বলতে তার আগে no বসে। কিন্তু, নির্দিষ্ট কোনও বস্তু বা সংখ্যার নির্দেশ থাকলে not বসে।

## 6.5 পেতে পারা বা না পারা, সম্ভাবনা বা অনুমতি, উচিত-অনুচিত বলা

<u>পেতে পারা বা না পারা</u>

| | |
|---|---|
| You can have your food now. | He can have the book now. |
| You cannot have food now. | He cannot have that book now. |

<u>থাকা বা পাওয়া উচিত বা অনুচিত বলা</u>

| | |
|---|---|
| He must have the book. | I must have the book. |
| They must have books. | She must have pencils. |
| I must have my food now. | He must have his food here. |
| A house must have doors and windows. | You must have the book. |
| You must have a chair. | They must have tables. |
| You must not have **fever**. | Bags must not have **holes**. |
| They must not have their food here. | A house must not have dust. |

<u>থাকা না থাকা, নেওয়া না নেওয়া, বা পাওয়া না পাওয়ার সম্ভাবনা বলা</u>

| | |
|---|---|
| I may have the book with me. | You may have the pencil in your house. |

| | |
|---|---|
| She may have the bag in her house. | They may have the ball with them. |
| He may have a house there. | The house may have **dust** in it. |
| You may not have the book with you. | I may not have a pencil. |
| They may not have a bag. | She may not have the bag. |
| You may have the pencil. | She may have this bag. |
| You may have this book. | They may have this ball. |

মনে রাখো:

1. 'You may have'-য়ের দুটি অর্থ হয়–তুমি এটা নিতে পারো, ও এটা তোমার কাছে থাকতে পারো। যেমন, 'You may have the book', ও 'The book may be with you'।
2. চলিত কথায় আজকাল 'a fever' বলা হয়। পুরো কথাটা 'a bout of fever' , যেমন, 'a glass of water'। পুরোটা না বলে শুধু 'a fever' বললে 'a' শব্দটির ব্যবহারে সমস্যা হয়। বরং শুধু 'fever' বলা যায়।
3. নতুন শব্দ 'hole' 'holes', (হোল্ , হোল্স/z) ফুটো; 'dust' (ডাস্ট) ধূলোময়লা।

### 6.6 কোনও বস্তু পাওয়ার জন্য অনুরোধ

| | |
|---|---|
| May I have the book please? | May I have a flower please? |
| May they have the ball please? | May I have it please? |
| May I have a pencil please? | May he have a book please? |
| May they have biscuits please? | May she have a bag please? |
| May you have food! | May you have **knowledge**! |

মনে রাখো: 'May you have' বললে প্রার্থনা বোঝায়। তাই, কাউকে অনুরোধ করতে 'May you have' বলা হয় না। বলা হয়, 'Would you have', যা আমরা পরে আলোচনা করব। নতুন শব্দ: **knowledge** (নলেজ্) জ্ঞান।

**সহায়ক শব্দ হিসাবে have, has-য়ের ব্যবহার**

বাক্যগঠনে সহায়ক শব্দ হিসাবে ব্যবহার হলে have, has-য়ের কোনও নির্দিষ্ট অর্থ হয় না। আগে have, has-সহ কাজ শব্দের বিশেষ শব্দগুচ্ছ–যেমন, have spoken, has spoken, অথবা have been speaking, has been speaking ইত্যাদি, বাক্যগঠনে ব্যবহার হয়। এই বিশেষ ব্যবহার আমরা পরে বিস্তারিত শিখব। এখানে আমরা দেখব বাক্যে কীভাবে have to/has to ব্যবহার হয় ।

**বাক্যের গঠন – কোনও একটা কাজ করা অবশ্যকর্তব্য বলা**

কাজ শব্দের আগে to বসিয়ে কাজ করাকে নির্দেশ করে এমন কয়েকটি শব্দ আমরা আগে শিখেছি, যেমন, to play, to eat, to give, to go, to dance, to throw, to catch, to have ইত্যাদি। বাক্যে ব্যবহারের নিয়ম অনুযায়ী এই শব্দগুচ্ছের সামনে have বা has থাকলে বোঝায় এখন (বর্তমান কালে) ওই কাজটা করা অবশ্যকর্তব্য, যা আমরা আগে যে must শব্দটি পেয়েছি তার অনুরূপ।

| | | | |
|---|---|---|---|
| have to play | has to play | have to eat | has to eat |
| have to give | has to give | have to go | has to go |
| have to dance | has to dance | have to catch | has to catch |
| have to have | has to have | have to do | has to do |

এখানে have to/has to কোনও একটা কাজ করার নির্দেশসূচক। তাই I, you, he, she, we, they-য়ের সঙ্গে have to/has to ব্যবহার হলে এগুলোর অর্থ হয়ে যাবে আমাকে, তোমাকে, ওকে, আমাদেরকে, ওদেরকে।

1. সাধারণ ইতিবাচক বাক্য: বাক্যের প্রথমেই বসবে যে বা যাকে নিয়ে বাক্যটি বলা হচ্ছে। তারপরে বসবে have to, বা has to-য়ের যেটা বাক্যে প্রয়োজন ও কাজ শব্দটা । ও এরপর বসবে যে বস্তু বা বিষয় নিয়ে কাজটা, যেমন–

    She has to have a book.

    I have to have pencils.

2. নেতিবাচক বাক্য: কোনও একটা কাজ করার প্রয়োজন নেই বলতে বাক্য গঠনে ব্যবহার হবে do/does not have to যেমন –

    You do not have to play.

    She does not have to dance.

3. প্রশ্নসূচক বাক্য: প্রথমে Do বা Does শব্দটি বসবে, তারপর বসবে যাকে প্রশ্ন করা হচ্ছে সে। এরপর বসবে have to, কাজ শব্দটা ও তারপর বস্তু বা বিষয়টা। বাক্যটি শেষ হয় প্রশ্ন চিহ্ন (?) দিয়ে। যেমন –

Do you have to have it?

Does she have to dance?

Does he have to have a pen?

Do you have to play?

প্রশ্নের উত্তরে সাধারণত হ্যাঁ বা না বলে নিয়ে প্রশ্নের মূল কথাটির পুনরাবৃত্তি করা হয়। প্রশ্নের উত্তর 'না' হলে, প্রশ্নের পুনরাবৃত্তিতে বাক্যে do শব্দটি এসে পড়ে, যার প্রয়োজন এমনিতে হয় না –

| | |
|---|---|
| Yes, I have to have it. | No, I do not have to have it. |
| Yes, she has to dance. | No, she does not have to dance. |
| Yes, he has to have a pen. | No, he does not have to have a pen. |
| Yes, I have to play. | No, I don't have to play. |

4. প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: প্রশ্নতে জোর দিতে not ব্যবহার করা হয়, প্রশ্নসূচক বাক্যে have to-য়ের ঠিক আগে not দিয়ে। যেমন –

| | |
|---|---|
| Do you not have to play? | Does she not have to dance? |
| Do you not have to have books? | Do you not have to have a book? |
| Do you not have to give the book to him? | Does he not have to have the book? |

## 6.7 যে কাজটা করা অবশ্য প্রয়োজন

| | |
|---|---|
| I have to go now. | You have to go there. |
| He has to go there. | He has to run to catch them. |
| We have to see that. | They have to talk to me. |
| I have to sleep now. | You have to eat now. |

| | |
|---|---|
| She has to read the book. | She has to go to school. |
| I have to sing now. | You have to go to school. |
| I have to go to school. | You have to read this book. |
| I have to catch a **train**. | We have to take that train. |
| You have to throw the ball. | He has to catch the ball. |
| I have to be there now. | You have to be here now. |
| I have to be with you now. | He has to be with me now. |
| She has to be in her school with her teacher now. | They have to be in the train with their teacher now. |
| You have to have a bag. | I have to have the book. |
| He has to have a ball. | We have to have a table. |

মনে রাখো: নতুন শব্দ train (ট্রেইন্ ) রেলগাড়ি।

লক্ষ করো: এখানে 'to be', কোনও কিছু হওয়া বোঝায়। বাক্যগঠনে 'be'-য়ের এই ব্যবহার পরে আলোচনা করা হয়েছে।

### 6.8 যে কাজটা করা অবশ্য প্রয়োজন নিয়ে প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| Do I have to go? | Yes, you have to go. |
| | No, you do not have to go. |
| Do you have to go? | Yes, I have to go. |
| | No, I do not have to go. |
| Do they have to play football? | |
| Does she have to go to school? | Yes, she has to go to school. |
| | No, she does not have to go to school. |
| Does he have to climb the tree? | Yes, he has to climb the tree. |
| | No, he does not have to climb the tree. |
| Does he not have to tell her? | No, he does not have to tell her. |
| | Yes, he does have to tell her. |

Does she not have to go to school?

Does he not have to catch the train **today**?

Do you not have to catch the train now?

মনে রাখো: কোনও কাজ না করার কথা বললে, কাজ শব্দটির আগে not বসে।

নতুন শব্দ: today (টুডে) আজ। কথা বলার সময় প্রশ্নে 'Do you not' হয়ে যায় 'Don't you', 'Does he not' হয়ে যায় 'Doesn't he'।

## পাঠ 7. হওয়া বা না-হওয়া ও হতে বলা– be শব্দের ব্যবহার

বাক্যে be একটা কাজ শব্দ, যার অর্থ হল কোনও কিছু হওয়া বা কোথাও থাকা। সুতরাং, not be দিয়ে বলা হয় না-হওয়া আর to be দিয়ে কিছু হতে বলা হয় । be দিয়ে বর্তমান কালের বাক্যগুলো তিনটে ভাগে রাখা যায় –

1. সাধারণ নির্দেশ বা বিজ্ঞপ্তিসূচক বাক্য। বিশেষ কাউকে উদ্দেশ্য করে এগুলো বলা হয় না। বাক্যটি জোর দিয়ে বলা বা নেতিবাচক হলে সহায়ক do বসবে be বা not be-এর আগে। এই বাক্যগুলির কোনও প্রশ্নসূচক গঠন হয় না।

### 7.1 সাধারণভাবে অনেকের জন্য নির্দেশ বা বিজ্ঞপ্তিসূচক be

| | | |
|---|---|---|
| Be **careful**. | Do be careful. | Do not be **lazy**. |
| Be a **good** boy. | Do not be **careless.** | Be a good student. |

নির্দিষ্ট কাউকে অনুরোধও করা you শব্দটা উহ্য রেখে যায়, যেমন –

| | | |
|---|---|---|
| Please be there. | Be my **friend**. | Please be my **guest**. |

নতুন শব্দ: good (গুড্) ভালো, careful (কেয়্যরফুল্) সাবধানী, careless (কেয়্যরলেস্ ) অসাবধানী, lazy লেজি (অলস), friend (ফ্রেণ্ড) বন্ধু, guest (গেষ্ট) অতিথি ।

2. কিছু হতে পারা, হওয়ার সম্ভাবনা, ও হওয়া আবশ্যক বলা। এই বাক্যগুলোতে be-য়ের আগে ভাবসূচক can, may, must বসবে ও সেই ভাব অনুযায়ী বাক্যের অর্থ হবে। এগুলোর নেতিবাচক বাক্যও হয়। May দিয়ে প্রশ্নসূচক বাক্য হয়ে যায় প্রার্থনা বা বিশেষ অনুরোধ আর must দিয়ে প্রশ্নসূচক বাক্য হয় না কারণ তার বদলে do/does দিয়ে প্রশ্ন have to be দিয়ে বলা হয়।

### 7.2 কিছু হতে পারা, হওয়ার সম্ভাবনা, ও হওয়ার আবশ্যকতা

| | |
|---|---|
| He can be a good student. | He cannot be a **bad** student. |
| He can be our friend. | The road cannot be bad. |
| That can be our train. | That cannot be the train. |
| This cannot be that book. | They cannot be bad boys. |
| That can be a bird. | Can that be a bird? |
| There can be dogs. | Can that not be a bird? |

| | |
|---|---|
| This may be the road. | That may not be the house. |
| It may be a pencil. | He may not be there. |
| There may be rain today. | The book may not be on the table. |
| This may be the book. | Those may be birds in the sky. |
| May I be your friend? | This may not be the book. |
| May I not be there? | The book must be on the table. |
| You must be careful. | That must be the girl. |
| That must be the door. | He must not be lazy. |
| That must be the road. | The book must not be on the chair. |
| It must be a **snake**. | It must not be a snake. |
| That must be our dog. | You must not be careless. |

নতুন শব্দ: bad (ব্যাড) খারাপ, snake (স্নেক) সাপ।

3. বাক্যে বলা – কারো অবশ্যপ্রয়োজন কিছু হওয়া, কোথাও থাকা । কিছু হওয়া অবশ্যপ্রয়োজন বলা হবে have/has to be দিয়ে। বাক্যের প্রথমে থাকবে যাকে বলা হচ্ছে আর শেষে থাকবে যা হতে বলা হচ্ছে – যেমন, You have to be here.। নেতিবাচক ও প্রশ্নসূচক বাক্য হলে, সহায়ক শব্দ do-এর প্রয়োজন হবে, যেমন আগে দেখেছি।

### 7.3 কারো অবশ্যপ্রয়োজন কিছু হওয়া, কোথাও থাকা

| | |
|---|---|
| Do we have to be friends? | You have to be our friend. |
| Do you not have to be there? | I do not have to be there. |
| Does he not have to be here? | He has to be here. |
| She does not have to be there. | She has to be in school. |
| They have to be at home now. | He has to be in our team. |

You have to be at tour class now.

Does he not have to be our friend?

No. He has to be our friend.

Do you do not have to be the first boy?

No. I do not have to be the first boy.

# পাঠ ৪. কেউ যে কাজটা করছে বা করছে না

**am/is/are ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার**

ইংরেজি কাজ শব্দটির শেষে -ing শব্দটার শেষে যোগ করে ওই কাজ শব্দেরই আরেকটা রূপ হয়, যা দিয়ে বোঝানো হয় যে কাজটা হয়ে চলেছে। কেউ কোনও একটি কাজ করে চলেছে, এটা বলতে এই -ing রূপের কাজ শব্দ ব্যবহার করতে হবে। তাই আগে -ing রূপের কয়েকটা কাজ শব্দ শিখে নিতে হবে।

**8.1 কয়েকটি কাজ হয়ে চলার ইংরেজি শব্দ (-ing রূপ)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| give | giving | গিভিং | take | taking | টেকিং |
| sit | sitting | সিটিং | stand | standing | স্ট্যান্‌ডিং |
| go | going | গোয়িং | come | coming | কামিং |
| read | reading | রীডিং | write | writing | রাইটিং |
| eat | eating | ঈটিং | sleep | sleeping | স্লীইপিং |
| live | living | লিভিং | dance | dancing | ডান্‌সিং |
| sing | singing | সিংঙিং | play | playing | প্লেয়িং |
| listen | listening | লিস্‌নিং | talk | talking | টঅকিং |
| hear | hearing | হীয়্যরিং | speak | speaking | স্পীকিং |
| tell | telling | টেলিং | walk | walking | ওয়কিং |
| say | saying | সেয়িং | put | putting | পুটিং |
| run | running | রানিং | keep | keeping | কীপিং |
| rise | rising | রাঈzিং | fall | falling | ফলিং |
| climb | climbing | ক্লাইমিং | fly | flying | ফ্লায়িং |
| throw | throwing | থ্রোয়িং | catch | catching | ক্যাচিং |
| want | wanting | ওয়ান্‌টিং | like | liking | লাইকিং |
| call | calling | কলিং | look | looking | লুকিং |
| bring | bringing | ব্রীংঙিং | see | seeing | সীয়িং |
| know | knowing | নোওয়িং | do | doing | ডুয়িং |
| be | being | বীয়িং | have | having | হ্যাভিং |
| **learn** | learning | ল্যর্নিং | **get** | getting | গেটিং |

আগের পড়া পাঠ 3.1 থেকে কাজ এই শব্দগুলোর অর্থ দেখে নাও।

**মনে রাখো:** doing, having, ও being-য়ের নিজস্ব অর্থ আছে। doing কোনও কাজ করে চলা, having কোনও কিছু পেয়ে চলা, আর being কোনও কিছু হয়ে ওঠা অর্থে ব্যবহার হয়। having শব্দটি আরেকটি অর্থে খাওয়া বোঝায়, যেমন, I am having a biscuit.। সেই কারণেই বলা যাবে না – I am having a dog, I am having a friend, I am having a house.

**বাক্যগঠন: এখন (বর্তমান কালে) কেউ কাজটা করে চলেছে**

এখানে বাক্যে হয়ে চলা কাজ বোঝাতে -ing রূপ ব্যবহার হবে। কাজ শব্দ -ing রূপে সক্রিয় হয় না । তাই বর্তমান কালের সহায়ক কাজ শব্দ am/is/are দিয়ে বাক্য গঠন করতে হবে। আগের পাঠ 2.1 থেকে am/is/are-য়ের ব্যবহারের নিয়ম আবার দেখে নাও। পাঁচটি ধরনের বাক্যগঠন পাব –

| | |
|---|---|
| ইতিবাচক বাক্য: | যে করছে + am/is/are + কাজ শব্দের -ing রূপ |
| নেতিবাচক বাক্য: | যে করছে + am/is/are + not + কাজ শব্দের -ing রূপ |
| প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: | Am/Is/Are + যে করছে+কাজ শব্দের -ing রূপ |
| প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: | Am/Is/Are +যে করছে+ not+কাজ শব্দের -ing রূপ |
| নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: | What/ Where/Who/ইত্যাদি + am/is/are+ যে করছে + কাজ শব্দের -ing রূপ |

এই ধরনের বাক্য গঠনের উদাহরণ –

| | | |
|---|---|---|
| He is sleeping. | I am not sleeping. | Is he sleeping? |
| Are you not sleeping? | Where is he going? | Who is talking there? |

**8.2 কেউ এখন যে কাজটা করছে বা করছে না**

| | | |
|---|---|---|
| I am walking. | You are walking. | He is walking. |
| They are running. | I am reading a book. | You are eating biscuits. |
| They are reading books. | That dog is sleeping. | He is telling a story. |

| | | |
|---|---|---|
| They are playing football. | Those boys are playing with a ball. | They are playing with the dog. |
| They are playing in the rain. | No rain is falling here. | Leaves are falling from the tree. |
| The dog is running. | The students are reading. | Rahim is going to school. |
| She is giving biscuits to him. | He is giving sweets to her. | They are going to school. |
| Shyam is going to school with Ram. | Jadu is going to school with Shyam. | Ram, Shyam, and Jadu **are** going to school. |
| I am doing my homework. | You are doing your homework. | She is doing her homework. |
| I am having rice. | You are having biscuits. | They are having biscuits. |
| I am having fever. | You are having fever. | He is having a biscuit. |
| Ram is throwing a ball. | Shyam is catching the ball. | Sita is dancing. |
| **It** is **raining** now. | The Sun is rising in the east. | The Sun is **setting** in the **west**. |
| I am not running now. | They are not reading. | He is not going there. |
| Sita is not dancing now. | She is not reading that book. | Jadu is not going to school. |
| He is not listening to the teacher. | I am not calling you. | You are not speaking with us. |
| I am not playing now. | He is not having his meal today. | They are not playing. |
| I am not sleeping now. | She is not talking to them. | She is not doing her homework. |

নতুন শব্দ: কাজ শব্দ rain, raining (রেইন্‌, রেইনিং) বৃষ্টি হওয়া, বৃষ্টি হচ্ছে। বস্তু বা বিষয় হিসাবে rain মানে বৃষ্টি। set, setting (সেট্‌, সেটিং) নির্দিষ্ট কোনও স্থানে থাকা, থাকছে । Sun setting –সূর্য ডোবা। west (ওয়েস্ট) পশ্চিম দিক।

লক্ষ করো: এখানে football কোনও বস্তু নয়, এক ধরনের খেলার নাম। কিন্তু ball একটি বস্তু। তাই, playing football আর playing with a ball। এখানে It is raining-য়ে It কিন্তু কোনও নির্দিষ্ট বস্তু বোঝাচ্ছে না, অবস্থাকে বোঝাচ্ছে।

### 8.3 কেউ এখন কাজটা করছে বা করছে না – প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| Are you eating? | Yes, I am eating.<br>No, I am not eating. |
| Are they sleeping? | Yes, they are sleeping.<br>No, they are not sleeping. |

Is she talking?

Is he reading?

Is the cat sleeping?

Is the boy playing?

Is the girl dancing?

Are you giving biscuits to him?

Is it raining in your village?

Is he giving biscuits to her?

Are they listening to the teacher?

Is the boy climbing a tree?

Is he throwing the ball to him?

Are you going to school?

Is she going **home**?

Are you going to the **station**?

Is the train going to **Bolpur**?

Are you standing there?

Is he sitting here?

নতুন শব্দ: station (স্টেশন্) যেখানে চলন্ত বস্তু, যেমন রেলগাড়ি, এসে থামে; Bolpur (বোলপুর) একটি শহরের নাম; home (হোম্), নিত্যকার আশ্রয়, গৃহ।

লক্ষ করো:

1. এখানে home কোনও নির্দিষ্ট বস্তু নয়, নিত্যকার আশ্রয়, তাই তার দিকে যাওয়ার অর্থ হয় না। যাওয়া হয় তার কাছে বা আশ্রয়ে । কিন্তু, 'school' একটি নির্দিষ্ট স্থান। তাই, তার দিকে যাওয়া হয়। 'to' শব্দটি কাজের দিক নির্দেশ করে। সেই কারণে 'going to home' হয় না, হবে 'going home'। কিন্তু, ইস্কুলে যাওয়া বোঝাতে হবে 'going to school'।
2. এখানে 'going to a place' দিয়ে উদাহরণ দিলেও 'going to do a work' দিয়ে কোনও বাক্যের উদাহরণ দেওয়া হয়নি। এই ধরনের বাক্য বর্তমানে বললেও তা ভবিষ্যতে করা হবে বোঝায়। এর আলোচনা পরে আছে।

### 8.4 কেউ এখন কাজটা করছে বা করছে না – জোর দিয়ে প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| Are you not eating? | No, I am not eating.<br>Yes, I am eating. |
| Are they not sleeping? | No, they are not sleeping.<br>Yes, they are sleeping. |

Is she not talking?
Is he not reading a book?
Is the dog not running?
Is the cat not sleeping on the table?
Is the boy not playing?
Is the girl not dancing?
Are you not giving biscuits to him?
Is he not giving biscuits to her?
Are they not listening to the teacher?
Is the boy not climbing the tree?
Is he not throwing the ball to him?
Are you not going to school?
Is she not going home?
Are you not going to the station?

Is the train not going to Bolpur?
Are they not standing there?
Is he not sitting here?
Is it not raining in your village?

### 8.5 কখন, কোথায়, কেন কাজটা কেউ করছে বা করছে না– প্রশ্ন ও উত্তর

| | |
|---|---|
| What are you doing? | I am eating biscuits. |
| What is he doing? | He is walking on the road. |
| What are they doing now? | They are eating. |
| What is she doing? | She is doing her homework. |
| What is the dog doing? | The dog is running. |
| What is the cat doing? | The cat is sleeping on the table. |
| What are you reading? | I am reading this book. |
| What is she writing? | She is writing a story. |
| What are you giving them? | I am giving them biscuits. |
| What are they taking from him? | They are taking a book from him. |
| Where are you going? | I am going to school. |
| Where is he going? | He is going home. |
| Where are you coming from? | I am coming from school. |
| Where is the **bus** going to? | The bus is going to Bolpur. |
| Where is the boy sitting? | The boy is sitting on a chair. |
| Where are they playing? | They are playing **at** home. |
| How are they playing? | They are playing **well.** |
| How is she dancing? | She is dancing well. |
| Who are coming here? | Ram, Shyam, and Jadu are coming here. |
| Who are going there? | Ram and Shyam are going there. |
| Who is sitting there? | Ram is sitting there. |
| Who is standing there? | Shyam is standing there. |
| Why are you not coming to | I am not coming to school |

| | |
|---|---|
| school? | **because** I have fever. |
| Why is he not coming to school? | He is not coming to school because he has fever. |
| Why are they going there? | They are going there to see her dance. |
| Why are you going there? | I am going there to play. |
| Why is he not eating the biscuits? | He is not eating the biscuits because he does not like them. |
| Why is the dog running? | The dog is running to catch the cat. |
| Whom are you talking to? | I am talking to Ram. |
| Whom is he talking to? | He is talking to Shyam. |

নতুন শব্দ: bus (বাস্ ) মোটর গাড়ি, যাতে একসঙ্গে অনেক মানুষের পরিবহন হয়, because (বিকস্z) কারণ নির্দেশ করে যার জন্য, at (অ্যাট্ ) কোনও বস্তুর স্থান বা কোনও সময়কে নির্দিষ্ট করে, well (ওয়েল্ ) ভালো করা, হওয়া।

লক্ষ করো: When দিয়ে বাক্য বর্তমানের প্রশ্ন হলেও তা ভবিষ্যাতের কাজ বোঝায়। How আর What বর্তমান বা ভবিষ্যতের কাজ, দুই-ই বোঝাতে পারে।

### বর্তমানের প্রশ্নে ভবিষ্যতের কাজ বোঝানো

অনেক সময় এখন (বর্তমানে) বলা হয়, ভবিষ্যতে করা হবে এমন কোনও কাজ। যেমন, কেউ যদি বলে, I am going to get a pencil. (আমি যাচ্ছি একটা পেন্সিল আনতে), তাহলে এই পেন্সিল আনা কাজটা ভবিষ্যতে হবে, যা এখনও হয়নি। বিশেষত 'going to' বা 'planning to' দিয়ে কোনও কাজ নির্দেশ করলে বোঝায় যে কাজটি ভবিষ্যতে করা (বা না করা) সমাপ্ত হবে। একই ভাবে চলিত ইংরেজিতেও কিছু প্রশ্ন-উত্তর হয় going, coming ধরনের শব্দ দিয়ে ।

### 8.6 কেউ এখন যে কাজটা করছে ভবিষ্যতের উদ্দেশ্যে

| | |
|---|---|
| Are you going to catch a train? | Is she going to read a book? |
| Are they going to eat biscuits? | Is he going to give sweets to them? |
| Is the dog going to run? | Is the cat going to climb a tree? |

| | |
|---|---|
| Are you not going to catch a train? | Is she not going to read a book? |
| Are they not going to eat biscuits? | Is he not going to give sweets to them? |
| What are they going to eat? | They are going to eat biscuits. |
| When are they going to **stop** eating? | They are going to stop eating soon. |
| How are you going to cut it? | I am going to cut it with a **knife.** |

**চলিত ইংরেজিতে কিছু প্রশ্ন-উত্তর***

| | |
|---|---|
| When are you going to your village? | I am going to my village today. |
| When is she going home? | She is going home in the **afternoon.** |
| How is she coming? | She is coming by train. |
| When are you coming? | I am coming in the **morning**. |
| When are they coming? | They are coming in the **evening**. |
| How are you going there? | I am going there by train. |
| How is Ram going there? | Ram is going there **by** bus. |
| How are you coming to Bolpur? | I am coming to Bolpur by train. |
| How are you coming to school? | I am coming to school by bus. |

নতুন শব্দ: morning (মর্নিং) সকাল, afternoon (আফ্‌ট্যর্‌নুন্‌) দুপুর-বিকেল, evening (ঈভ্‌নিং) সন্ধ্যা, stop (স্টপ্‌) থামা, soon (সূন্‌) শীঘ্র, knife (নাইফ) ছুরি। 'by' (বায়) এখানে বোঝাচ্ছে দ্বারা বা মাধ্যমে।

*পরে শিখব, চলিত ইংরেজির উত্তরগুলো will be/shall be দিয়েও করা যায়।

# পাঠ 9. যে কাজটা কেউ সমাপ্ত করেছে

## have/has ও কাজ শব্দের -en/ed রূপ ব্যবহার

ইংরেজি কাজ শব্দের শেষে সাধারণত -en অথবা ed দিয়ে আরেকটা রূপ হয় যাকে বলব -en/ed রূপ। এই রূপটা বোঝায়, কাজটা হওয়া (অথবা না-হওয়াটা) সম্পন্ন হয়েছে। সুতরাং কেউ এখন সদ্য কোনও কাজ (করা বা না-করা) সম্পন্ন করেছে (আর সেটা করছে না), এটা বলতে -en/ed রূপের কাজ শব্দ ব্যবহার করতে হবে। আগে কয়েকটা কাজ শব্দের এই -en/ed রূপটা শিখে নিতে হবে। আগের পাঠে কাজ শব্দের -ing রূপ দিয়ে বলা শিখেছি কাজটা হচ্ছে। তার পাশে এবার -en/ed রূপটা দিয়ে বলা শিখব কাজটা হয়েছে (সম্পূর্ণ হয়ে গেছে)।

### 9.1 কয়েকটা কাজ শব্দের -ing রূপ ও -en/ed রূপ

| কাজ | উচ্চারণ | অর্থ | করা হচ্ছে -ing রূপ | উচ্চারণ | করা হয়েছে -en/ed রূপ | উচ্চারণ |
|---|---|---|---|---|---|---|
| be | বী | হওয়া, থাকা | being | বীয়িং | been | বীন্ |
| beat | বীট্ | মারা | beating | বীটিং | beaten | বীটন্ |
| bring | ব্রিং | আনা | bringing | ব্রিংঙিং | brought | ব্রট্ |
| build | বিল্ড | বানানো | building | বিল্ডিং | built | বিল্ট |
| call | কঅল্ | ডাকা | calling | কলিং | called | কঅল্ড |
| catch | ক্যাচ্ | কিছু ধরা | catching | ক্যাচিং | caught | কট্ |
| climb | ক্লাইম | ওপরে চড়া | climbing | ক্লাইমিং | climbed | ক্লাইমড্ |
| come | কাম্ | আসা | coming | কামিং | come | কাম্ |
| cut | কাট্ | কাটা | cutting | কাটিং | cut | কাট্ |
| dance | ডান্স | নাচা | dancing | ডান্সিং | danced | ডান্সড্ |
| do | ডু | কিছু করা | doing | ডুয়িং | done | ডান্ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| eat | ঈট্ | খাওয়া | eating | ঈটিং | eaten | ঈটন্ |
| fall | ফল্ | পড়ে যাওয়া | falling | ফলিং | fallen | ফলন্ |
| fly | ফ্লায় | ওড়া | flying | ফ্লায়িং | flown | ফ্লোন |
| get | গেট্ | পাওয়া | getting | গেটিং | got | গট্ |
| give | গিভ্ | দেওয়া | giving | গিভিং | given | গিভন্ |
| go | গো | যাওয়া | going | গোয়িং | gone | গন্ |
| happen | হ্যাপ্ন্ | ঘটা | happening | হ্যাপ্নিং | happened | হ্যাপ্নড |
| have | হ্যাভ্ | কিছু থাকা | having | হ্যাভিং | had | হ্যাড্ |
| hear | হীয়্যর্ | শোনা | hearing | হীয়্যরিং | heard | হ্যর্ড |
| keep | কীপ্ | রাখা | keeping | কীপিং | kept | কেপ্ট |
| kill | কিল্ | হত্যা করা | killing | কিলিং | killed | কিল্ড |
| know | নোও | জানা | knowing | নোওয়িং | known | নোওন্ |
| learn | ল্যর্ন | শেখা | learning | ল্যর্নিং | learnt | ল্যর্নট্ |
| like | লাইক্ | পছন্দ করা | liking | লাইকিং | liked | লাইক্ড |
| listen | লিসন্ | কিছু শোনা | listening | লিস্নিং | listened | লিসন্ড |
| live | লিভ্ | বাস করা | living | লিভিং | lived | লিভ্ড |
| look | লুক্ | তাকানো | looking | লুকিং | looked | লুক্ড |
| lose | লুz | হারানো | losing | লুzিং | lost | লস্ট |
| make | মেইক্ | তৈরি করা | making | মেকিং | made | মেইড্ |
| move | মূভ্ | নড়া, সরা | moving | মূভিং | moved | মূভ্ড |
| play | প্লে | খেলা করা | playing | প্লেয়িং | played | প্লেড্ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| put | পুট্ | রাখা | putting | পুটিং | put | পুট্ |
| rain | রেইন্ | বৃষ্টি হওয়া | raining | রেইনিং | rained | রেইন্ড |
| read | রীড্ | পড়া | reading | রীডিং | read* | রেড্ |
| rise | রাইz | ওঠা | rising | রাঈzিং | risen | রিzন্ |
| run | রান্ | দৌড়নো | running | রানিং | run | রান্ |
| say | সে | বক্তব্য রাখা | saying | সেয়িং | said | সেইড্ |
| see | সী | দেখা | seeing | সীয়িং | seen | সীন্ |
| set | সেট্ | স্থিত করা | setting | সেটিং | set | সেট্ |
| sing | সিং | গান করা | singing | সিংঙিং | sung | সাঙ্ |
| sit | সিট্ | বসা | sitting | সিটিং | sat | স্যাট্ |
| speak | স্পীক | কথা বলা | speaking | স্পীকিং | spoken | স্পোক্ন্ |
| sleep | স্লীইপ্ | ঘুমোনো | sleeping | স্লীইপিং | slept | স্লেপ্ট |
| stand | স্ট্যাণ্ড | দাঁড়ানো | standing | স্ট্যান্ডিং | stood | স্টুড |
| stop | স্টপ্ | থামা | stopping | স্টপিং | stopped | স্টপ্ড |
| take | টেক্ | নেওয়া | taking | টেকিং | taken | টেক্ন্ |
| talk | টঅক্ | কথা বলা | talking | টঅকিং | talked | টঅক্ড |
| tell | টেল্ | কাউকে বলা | telling | টেলিং | told | টোল্ড |
| throw | থ্রো | ছোঁড়া | throwing | থ্রোয়িং | thrown | থ্রোন্ |
| tire | টায়্যর্ | ক্লান্ত হওয়া | tiring | টায়্যরিং | tired | টায়্যর্ড |
| wait | ওয়েইট্ | অপেক্ষা করা | waiting | ওয়েইটিং | waited | ওয়েইটেড্ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| walk | ওয়ক্ | হাঁটা | walking | ওয়কিং | walked | ওয়ক্ড |
| want | ওয়ান্ট | চাওয়া | wanting | ওয়ান্টিং | wanted | ওয়ান্টেড্ |
| watch | ওয়চ্ | লক্ষ রাখা | watching | ওয়চিং | watched | ওয়চ্ড |
| write | রাইট্ | লেখা | writing | রাইটিং | written | রিট্ন্ |

মনে রাখো: কাজ শব্দটির -en/ed রূপ বিভিন্ন রকম হয়, যেমন ওপরে দেখানো হয়েছে। কিছু শব্দের পরিবর্তন হয় না, যেমন, put, run, বা অন্যরকম হয়, যেমন, sung, brought, eaten, kept। *এখানে পড়তে হবে রীড্ নয়, রেড্ ।

**বাক্যগঠন: এখন (বর্তমান কালে) কেউ কাজটা করেছে বা করেনি**

এখানে যে ধরনের বাক্য দরকার তার গঠন শিখব। কাজ শব্দ -en/ed রূপে বাক্যে সক্রিয় হয় না। তাই বাক্য গঠনে সহায়ক কাজ শব্দ have/has দরকার হয়। আগে পড়া পাঠ থেকে have/has ব্যবহারের নিয়ম দেখে নাও।

আমরা মোট পাঁচটি ধরনের বাক্য পাব যার গঠন এই রকম –

| | |
|---|---|
| ইতিবাচক বাক্য: | যে করেছে + have/has + কাজ শব্দের -en/ed রূপ |
| নেতিবাচক বাক্য: | যে করেছে +have/has +not + কাজ শব্দের -en/ed রূপ |
| প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: | Have/has + যে করেছে + কাজ শব্দের -en/ed রূপ |
| প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: | Have/has +যে করেছে +not+ কাজ শব্দের -en/ed রূপ |
| নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: | What/Where/Who/ইত্যাদি + have/has + যে করেছে + কাজ শব্দের -en/ed রূপ |

এই ধরনের বাক্য গঠনের উদাহরণ–

| | | |
|---|---|---|
| He has played. | I have not played. | Has she danced? |
| Have you not played? | Where has he gone? | Who has taken it? |

## 9.2 কেউ যে কাজটা করেছে বা করেনি

| | |
|---|---|
| I have seen a cat today. | He has seen a dog. |
| I have eaten ten biscuits today. | He has taken **fruits** in the morning. |
| They have gone home. | They have given us fruits. |
| We have eaten **all** the fruits. | We have given her a biscuit. |
| She has eaten it. | I have told her to come to the station. |
| She has come to the station. | They have gone to school. |
| I have known her. | He has talked to her. |
| We have seen the **sunrise** today. | Today they have seen the **sunset**. |
| He has thrown a ball. | You have caught the ball. |
| She has brought biscuits today. | She has given **some** biscuits to a cat. |
| The cat has eaten **a few** of the biscuits. | The dog has eaten its food. |
| She has sung a song. | You have heard her singing. |
| You have written a book. | I have read the book. |
| Today I have slept in a chair. | His father has fever. |
| He has called me to see his father. | I have put the books on the table. |
| You have kept the books in your bag. | I have looked up to the sky to see the birds flying. |
| A cat has sat on the chair. | I have told him the story. |
| He has listened to me. | The dog has run **after** the cat to catch it. |

| | |
|---|---|
| The cat has climbed up the tree and has sat there. | I have walked from my village to come here. |
| We have cut the trees. | They have made the road. |
| I have done my homework. | Sita has done her homework. |
| You have not done your homework. | I have not seen you there. |
| Ram has seen you there. | You have not given me the book. |
| She has not brought her bag. | You have not gone to school today. |
| They have not come here. | He has not read the story. |
| I have not called them here. | They have told him to go there. |
| He has not come home today. | I have had my **meal**. |
| She has had fever. | They have had their meal. |

নতুন শব্দ: fruits (ফ্রুট্স্) ফলমূল, all (অল্) সবগুলি, sunrise (সান্রাইz) সূর্যোদয়, sunset (সান্সেট্) সূর্যাস্ত,, some (সাম্) কয়েকটি, a few(অ্য ফিউ) অল্প কয়েকটি, after (আফ্ট্যর্) পেছনে, পরে, meal (মীল্) মূল আহার।

লক্ষ করো: have had, ও has had-এর ব্যবহার।এখানে read-এর উচ্চারণ রেড্।

### 9.3 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নিয়ে প্রশ্ন ও উত্তর

Have you read this book? — Yes, I have read this book.
No, I have not read this book.

Has he read it?

Have you known her?

Has she known you?

Have they seen a cat?

Has she sung a song?

Have you heard her singing?

Have they listened to the teacher?

Have you put all the pencils there?

Has he given them some food?

Has he spoken to her?

Has he told her to come?

Has the dog run after the cat?

Has the cat climbed the tree?

Has he taken that book?

Have you cut the trees?

Have they made the road?

Have you eaten all the fruits?

Have you slept well?

Have you seen a few dogs there?

Have you kept the dogs well?

Has she done her homework?

Have you had your meal?

Have you taken your meal?

Have you had fever?

Have you had your meal with him?

**9.4 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নিয়ে প্রশ্ন উত্তরে জোর দেওয়া**

| | |
|---|---|
| Have you not read this book? | Has he not read it? |
| Have they not seen a cat? | Has she not sung a song? |
| Have you not known her? | Has the teacher not known him? |
| Have you not heard her sing? | Have they not listened to the teacher? |
| Have you not put it there? | Has he not given them some biscuits? |

| | |
|---|---|
| Has he not spoken to her? | Has he not told her to come? |
| Has the cat not climbed up the tree? | Has the dog not run after the cat? |
| Has he not taken his meal? | Have you not eaten all the fruits? |
| Have you not slept well? | Has he not walked from the village to come here? |
| Have you not kept the cats well? | Has she not done her homework? |
| Have you not cut the trees? | Have they not made the road? |
| Have you not had your meal? | Have you not taken your meal? |
| Have you not had that book with you? | Has she not had her meal today? |

### 9.5 কেউ যে কাজটা করেছে বা করেনি তা নির্দিষ্ট করার প্রশ্ন উত্তর

| | |
|---|---|
| What has **happened** to you? | I have had fever. |
| What has happened to his bag? | He has **lost** it. |
| What have they seen there? | They have seen a cat. |
| When has she sung the song? | She has sung it in the morning. |
| Where have the students gone? | The students have gone home. |
| Where has Ram seen them? | Ram has seen them at school. |
| Who have played football? | We have played football. |
| Who has played well? | Ram has played well. |
| Who has given them biscuits? | Ram has given them biscuits. |
| Who has spoken to Sita? | We have spoken to her. |
| Who has told her the story? | I have told her the story. |
| Who has taken her pencils? | Rahim has taken her pencils. |
| Who has given her the book? | Shyam has given her the book. |
| Why have you come here? | You have told me to come. |

| | |
|---|---|
| Why has he come here? | Ram has told him to come. |
| How have you come here? | I have come here by bus. |
| How have they gone there? | They have gone there by train. |
| Why have you not gone there? | I have not gone there because I do not like that game. |
| Why has he not taken his meal? | He has not taken his meal because he is not well. |
| Why have you not brought your book? | I have not brought it because Ram has taken it from me. |
| Why have they gone to the station? | They have gone there to catch a train. |
| Why have you not gone with them? | I have not gone with them because I have to do my homework. |

নতুন শব্দ: happen (হ্যাপ্‌ন্‌) ঘটা, অন্যান্য রূপ: happening, happened; lose (লুz), হারানো অন্যান্য রূপ: losing, lost।

### 9.6 হয়েছে বা থেকেছে বলা – been শব্দের ব্যবহার

বাক্যে be একটা কাজ শব্দ, যার অর্থ হল কোনও কিছু হওয়া বা কোথাও থাকা, আর এর -en/ed রূপ been বোঝায় কোনও অবস্থা হয়েছে বা কোথাও থেকেছে, যা সদ্য সমাপ্ত হয়েছে বা কিছুকাল আগে হলেও বর্তমানেও প্রাসঙ্গিক।

| | |
|---|---|
| I have been **ill**. | They have been here to see me. |
| Ram has not been here. | I have been to Kolkata to see Ram. |
| He has been in **Kolkata** in last **week**. | We have been friends for last twenty years. |
| He has been good to us. | There has been a **flood**. |
| It has been a **rainy** day. | You have not been careful. |
| Have you been ill? | Have you not been ill? |
| Have you been to Kolkata? | Has she not been to Kokata? |

| | |
|---|---|
| Has there been a flood? | Has there not been a flood? |
| Where have you been? | I have been to Kolkata. |
| When have you been ill? | I have been ill **thrice** in my school days. |
| How **long** have you been ill? | **Since** when have they been here? |

নতুন শব্দ: ill (ইল্) অসুস্থ, week (উয়ীক্) সপ্তাহ, Kolkata (কলকাতা) একটি মহানগর, rainy (রেইনি) বর্ষণস্নাত বা বৃষ্টিভেজা, flood (ফ্লাড্) বন্যা, long (লঙ্) দীর্ঘ বা দীর্ঘ সময়, thrice (থ্রাইস্) তিনবার, since (সিন্স) কোনও নির্দিষ্ট সময় থেকে বা কোনও কারণে।

**পরে শিখব: do have, can have, may have, must have দিয়ে বাক্য**

| | |
|---|---|
| I do have seen him there. | আমি অবশ্যই ওকে দেখেছি ওখানে। |
| I must have seen him there. | আমি নিশ্চয় ওকেই ওখানে দেখেছি। |
| Where can she have gone? | ও কোথায় যেতে পারে? |
| She may have gone to school. | ও হয়তো স্কুলে গিয়েছে। |
| He must not have known it. | ও অবশ্যই এটা জানতে পারেনি। |
| Mita cannot have seen us. | মিতা নিশ্চয় আমাদের দেখতে পায়নি। |
| They may not have gone. | ওরা হয়তো চলে যায়নি। |

# পাঠ 10. কিছু সময় ধরে যে কাজ কেউ করে চলেছে

**have been/has been ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার**

আগে শিখেছি am/is/are ও কাজ শব্দের -ing রূপ (পাঠ 8.) ব্যবহার করে বলা, কেউ যে কাজটা এখন করছে । এই বাক্যগুলোতে কিন্তু বলা হয়না কত সময় ধরে কাজটা করা হচ্ছে। যদি বলতে চাই, কাজটা (বা অবস্থাটা) বর্তমানে কিছু সময় ধরে হচ্ছে বা হয়েছে তখন বাক্য গঠন করব have been বা has been-য়ের পরে কাজ শব্দের -ing রূপটা বসিয়ে ।

ইংরেজি বাক্যে সহায়ক শব্দ have been/has been-য়ের ব্যবহার বাংলা ভাষার বাক্যগঠনে বুঝতে অসুবিধা হয়, কারণ বাংলায় এর সমতুল বাক্যগঠন হয় না। বাংলা অনুবাদে এই ক্ষেত্রে বাক্যের গঠন অতীত কালের মনে হবে – Where have you been? এই প্রশ্নের বাংলা হয়ে যাবে, তুমি কোথায় ছিলে? – যার ইংরেজি Where **had** you been? তাই ইংরেজিতে have been/has been দিয়ে বাক্য গঠনে তিনটি বিষয়ে লক্ষ রাখতে হবে –

1. বাক্যের প্রেক্ষিত যে বর্তমান কাল তা যেন কথোপকথনে স্পষ্ট থাকে;
2. দুই, কাজটা কিছু সময় ধরে হচ্ছে বা হয়েছে তা যেন নির্দিষ্ট করা হয়;
3. তিন, কাজটার চরিত্র যেন এমন হয় যে কাজটা হয়ে চলা বললে ভুল হয় না। যেমন, I have been giving you a book. বলা ভুল। কারণ, একটা বই দিয়ে চলেছি তো হতে পারে না। বলতে হবে দিয়েছি – I have given you a book.

**বাক্যগঠন : কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে বা করেছে**

বাক্যের মূল গঠন-কাঠামোটি হল:

[ব্যক্তি] +[have/has been] +[কাজ শব্দের -ing রূপ] ।

ইতিবাচক বাক্য-কাঠামোটা থেকে আমরা পেয়ে যাব প্রশ্নসূচক, নেতিবাচক, কাজটাকে নির্দিষ্ট করে বলা ইত্যাদি বাক্যগুলোর গঠন। অধিকাংশ বাক্যে দরকার হয় সময়টা কতক্ষণ ধরে চলেছে তার কোনও একটা প্রসঙ্গ, যদিনা সেটা কোনও কারণে উহ্য রাখা যায়। সময়কালের উল্লেখটা রাখা হয় since then, till now, for, during, in, by now, before ইত্যাদি দিয়ে ।

এই শব্দগুলির অর্থ নিচে বলা আছে ।

## 10.1 কিছু সময় ধরে কেউ যে কাজটা করছে বা করেছে

| | |
|---|---|
| The train has been running **late**. | He has been sleeping **since** the morning. |
| We have been eating fruits till now. | The bird has been singing all **day**. |
| You have been reading a book till **midnight.** | I have been standing here **for** the bus. |
| It has been raining. | Sita has been dancing since the morning. |
| He has been writing a book since then. | They have been going to Bolpur by train. |
| We have been listening to her song. | I have been telling them a story. |
| He has been having his meal. | He has been playing with them. |
| The dog has been waiting for you to come. | I have been looking up to the sky to see the birds flying. |
| You have been looking for the book for the **last** few **hours**. | He has been doing his homework in the evening. |
| They have been making the road for two weeks. | I have been **waiting** for you the whole day. |
| She has been waiting at the station for the train. | They have been building this house for some **time**. |
| I am tired. I have been reading all day. | The train has come. We have been waiting for it. |
| I have been reading all day. Now I am **tired**. | I have come here. I have been called. |

He has been having fever for the last four days.

They have been playing football **before** coming to school.

